


# Surprise book of NAAHIN KAZI

# সূচি:

# সৌন্দর্যের কারিগর নাহিন


কাজী বাপ্পি কথা......

মো. শাহ্‌জাহান
তাহ্‌মিনা জাহান
শামীমা নেহ্‌রীন জাহান
শাহিন
জাবীন
জাসহিন কাজী
তারিন
রুনা লায়লা
সাবিনা ইয়াসমিন
ফেরদৌসী মজুমদার
ডলি জহুর
নওয়াজীশ আলী খান
আবুল হায়াত
হুমায়ুন ফরীদি
আফজাল হোসেন
আহমেদ ইউসুফ সাবের
ফারুক আহমেদ
তারিক আনাম খান
শম্পা রেজা
ইমদাদুল হক মিলন
শমী কায়সার
অরুণ চৌধুরী
জিনাত হাকিম
হানিফ সংকেত
সুবর্ণা মুস্তাফা
আজিজুল হাকিম
পারভিন সুলতানা দিতি
তপন চৌধুরী
সামিনা চৌধুরী
মুনীরা ইউসুফ মেমি
ফারজানা শাকিল
সানাউল আরেফীন
বিপাশা হায়াত
তৌকীর আহমেদ
তমালিকা কর্মকার
জাহিদ হাসান
সাইদুল আনাম টুটুল
ত্রপা মজুমদার
মাহফুজ আহমেদ
সাদিয়া ইসলাম মৌ
নোবেল
তানিয়া আহমেদ
জয়া আহসান
রিয়াজ
ফেরদৌস
আরিফ খান

নাহিন কাজীকে নিয়ে যারা লিখেছেন......

ইকবাল আহমেদ
সাদিকা পারভিন পপি
পূর্ণিমা
মনির খান শিমুল
ফারজানা ব্রাউনিয়া
রিয়া
তাজিন আহমেদ
পল্লব
ঈশিতা
বিজরী বরকতউল্লাহ
মোনালিসা
নাদিয়া আহমেদ
কানিজ আলমাস
গোলাম মোস্তফা বাচ্চু
বিদ্যা সিনহা মিম
বিপ্লব সাহা
তুহীন হোসেন
রিচি
মৌসুমী
তনিমা আহমেদ
শাহিদা আরবী
মুনমুন আহমেদ
মিতা নূর
গোলাম ফরিদা ছন্দা
কামরুল
ফখরুল আবেদীন
ফাহমিদা নবী
ডেভিড বারিকদার
ইমন
কবির
ইরফান ও ফামি
আনোয়ার হোসেন বুলু
মোহন খান
চিত্রলেখা গুহ
অপি করিম
আফসান আরা বিন্দু
তানভিন সুইটি
হুমায়রা
কেয়া
জিতেন্দ্র কুমার রায়
ফারজানা নাজনীন চুমকি
ওয়ারদা আহমেদ
ফারিয়া হোসেন

নাহিন কাজীর কথা......

জন্ম ও মেয়েবেলা, যেভাবে রূপচর্চায়, ঢাকায় আসা, পেশাদারিত্বে সাজ, যখন মেকআপ আর্টিস্ট, ক্লান্তি এবং বিয়ে , এখনও যা মনে পড়ে..., যে মাশুল এখনও দিতে হচ্ছে, দেশভ্রমণ, আরো ভালো লাগে, যদি অবসর মেলে, প্রতিদিনের রুটিন, প্রিয় শিল্পী, বিশ্বাস করেন, পড়াশোনা, পরিবারের অন্য সদস্যরা




উৎসর্গ,
আমার বাবা
মরহুম কাজী মোঃ আবুল কাশেম'কে......

# Beauty expert Naahin

## INDEX

Some artist actors some comments of Naahin Kazi.....


Md. Sahzahan
Tahmina Zahan
Samima Nahrin Zahan
Shahin
Jabin
Zashin Kazi
Tareen
Runa Laila
Sabina Yasmin
Ferdousi Mojumder
Dolly Johur
Nouajeesh Ali Khan
Abul Hayat
Humayun Faridi
Afzal Hossin
Ahmed Yusuf Saber
Faruk Ahmed
Tarik Anam Khan
Shompa Reza
Imdadul Haq Milon
Shomi Kaiser
Arun Chowdhury
Jinat Hakim

Hanif Sangket
Subarna Mustafa
Ajijul Hakim
Parvin Sultana Diti
Tapan Chowdhury
Samina Chowdhury
Munira Yusuf Memi
Farzana Shakil
Sanaul Arefin
Bipasha Hayat
Toukir Ahmed
Tomalika Kormokar
Zahid Hasan
Saidul Anam Tutul
Tropa Mozumder
Mahfuz Ahmed
Sadia Islam Mou
Nobel
Tania Ahmed
Joya Ahsan
Riaz
Ferdous
Arif Khan

Iqbal Ahmed
Sadika Parvin Popi
Purnima
Monir Khan Shimul
Farzana Brownia
Riya
Tajin Ahmed
Pallab
Eshita
Bijri Barkatullah
Monalisa
Nadia Ahmed
Kaniz Almas
Golam Mostofa Bacchu
Bidya Sinha Meem
Biplob Shaha
Tuhin Hossain
Richi
Mousmi
Tonima Ahmed
Shahida Arabi
Munmun Ahmed
Mita Noor


Comments of Kazi Bappi


Golam Farida Chonda
Kamrul
Fakhrul Abedin
Fahmida Nabi
David Barikdar
Emon
Kabir
Erfan and Fami
Anwar Hossain Bulu
Mohon Khan
Chitralekha Guha
Opi Karim
Afsan Ara Bindu
Tanvin Sweety
Humaira Khan
Keya
Jitendra Kumar Roy
Farzana Naznin Chumki
Warda Ahmed
Faria Hossain


Naahin Kazi's story


Birth and childhood, The way to make-up, Moving to Dhaka, Make-up as a profession, As a make-up artist, Weariness and marriage, I still remember..., The price that I'm still paying, Travelling, She also likes, If there is leisure,, Everyday routine, Favourite artist, She believes, Education, Other family members

**বিউটি এক্সপার্ট হিসেবে** আমাদের সবার প্রিয় নাহিন ২৫ বছর পূর্ণ করেছে। এই অনন্যময়, অসাধারণ মুহূর্তে বাপ্পী ভাই চেয়েছে তার এই দিনটিকে রাঙিয়ে দিতে। তাকে রাঙিয়ে, চমকে দিয়ে নিজেরা আনন্দ পেতে। মজার ব্যাপার হচ্ছে– কাজটি করতে গিয়ে উপলব্ধি করেছি, নাহিনকে আমরা যতটুকু জানি, চিনি তার চেয়েও তিনি অনেক বড়, অনেক বেশি গুণী। নাহিনের সহকর্মীদের কাছে জেনেছি- মানুষ হিসেবে তার অসাধারণত্বের কথা। তখন গর্বে সত্যিই বুক ভরে গেছে।

এই প্রকাশনায় সহযাত্রী হিসেবে আমার সঙ্গে ছিলেন সাংবাদিক ও নির্মাতা আরিফ খান এবং সাংবাদিক ও নাট্যকার মাহবুব হাসান জ্যোতি। এছাড়া কাজী জসিমুল ইসলাম বাপ্পী (সারপ্রাইজ বুক 'সৌন্দর্যের কারিগর নাহিন'-এর প্রধান পরিকল্পক এবং নাহিনের বেটার হাফ) এবং অভিনেত্রী তারিনও অসম্ভব সহযোগিতা করেছেন। তাদের কাছে অনেক কৃতজ্ঞতা।

তাড়াহুড়োয় অনেকের মূল্যবান মতামত নেওয়া সম্ভব হয়নি। অনেকের সঙ্গে চেষ্টা করেও যোগাযোগ করা যায়নি। এ ধরণের কাজে অনভিজ্ঞতার কারণে আরো বিভিন্নরকম ত্রুটি এই সারপ্রাইজ বুকে উঠে আসাটাই স্বাভাবিক। এগুলো ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখে মূল্যবান মতামত দিলে ভবিষ্যতে কাজে লাগবে।

জুলফিকার রাসেল



AS a beautician our beloved Naahin has completed her 25 years. To celebrate this gorgeous moment, Bappi vai have planned to give her a pleasant surprise, wanted to do something special for her. While doing so we realised that Naahin is not only a beautiful person but also she has some exceptional qualities, which makes her different as human being. When i heard from her colleagues, about her good and charming nature i felt proud of her.

In this Publication, along with me there were present, Arif Khan, a renowned journalist and producer and Mahbub Hasan Jotty, Journalist and Drama artist.

Besides, I am grateful to Tarin and Kazi Jishimul Islam Bappi for their support and contribution.

Due to the shortness of time, we failed to gather opinions of many famous personalities. We also failed to get in touch with some, instead of our effors. Our inexperienced hands tried our level best to organize the surprise event well enough but, I am sorry if there is something lacking. In Future, we will try our best not to repeat those, if your support and cooperation stays with us.

Regards,

Zulfiqer Russell



**নাহিন যে নিজেই একটা ইনিষ্টিটিউট,** এই রিয়ালাইজেশন টা ওর নিজের মধ্যে নেই। আল্লাহ সবাইকে সব কিছু দেয় না। ওর মাঝে যে ট্যালেন্ট আছে তা থেকে পরের জেনারেশন এর অনেক কিছুই শেখার আছে। এই ব্যাপারটা নাহিনের উপলব্ধি করার জন্যই আমার এই চেষ্টা।

স্বামী হিসাবে ওর সম্পর্কে বলতে গেলে পারসিয়াল মনে হবে। ও অসম্ভব ভাল একটা বন্ধু বড় একজন হিলার, আনমেজরেবল ইনফিনিটি লাভার। ও পাশে থাকলে আর কোন কিছুরই দরকার হয় না। কিভাবে দিন, মাস, বছর ঘুরে বোঝাই যায় না। এক কথায় নাহিন হল আমার কাছে কালবৈশাখী ঝড়ের রাতের লাইফ বোট।

২৫ বছর কাজ করতে করতে হয়ত ও ক্লান্ত হয়ে গেছে, এই "সারপ্রাইজ বুক" থেকেই ও আবার নতুন করে শুরু করবে এবং আমাকে আরেকটা সুযোগ করে দিবে ৫০ বছর পূর্তির আরেকটা "সারপ্রাইজ বুক" তৈরী করার।

এই প্রত্যাশায়ই আমার এই চেষ্টা। আমি বিশ্বাস করি এই "সারপ্রাইজ বুক" দেখে আগামীতে বেরিয়ে আসবে নতুন প্রজন্মের নাহিন থেকেও বড় বড় সৌন্দয্যের কারিগর।

Surprise book *of* NAAHIN KAZI

Naahin doesn't realize that she herself is an institute. Allah doesn't bestow everything upon everyone. The new generation can learn a lot from her talented mind. This is my small effort to make her understand this fact.

It might sound partial as I'm her husband. She is an absolutely amazing friend, big healer and unmistakably infinite lover.

If she is beside me I don't need anything else. I don't even notice how days, months and years go by. So to speak, she is my life boat in a stormy night.

Maybe she has become tired after working for 25 years. I hope she will start anew after this surprise and give me a chance to bring out another surprise book on the occasion of the 50th anniversary of her work.

My effort to bring out this book evolves around this hope. I believe, after seeing this book, many architects of beauty, probably, bigger than Naahin, will emerge from the new generation.



## “আল্লাহ আমার মেয়ের মধ্যে কত গুণ দিয়ে রেখেছেন!”

মো. শাহ্‌জাহান

আমার পাঁচ মেয়ের মধ্যে নাহিন তৃতীয়। ওর জন্মের পর আমার উত্তরোত্তর উন্নতি হয়েছে। তাই ওর প্রতি আমার আলাদা একটি সফট কর্নার রয়েছে। আমার পাঁচ মেয়ে, কোনো ছেলে নেই। কিন্তু এর জন্য কখনো কোনো দুঃখবোধ হয়নি। কারণ আমার মেয়েরা নিজেদের চেষ্টায় এই অবস্থানে পৌছেছে। নাহিনের যে স্বভাব, ও যে কখনও একা চলাফেরা করতে পারবে- এটাই কখনো ধারণাতে ছিল না। ওর জন্য সত্যিই আমি গর্ববোধ করি।

আমি কখনও আমার মেয়েদের ইচ্ছের বিরুদ্ধে যাইনি। ও যখন বিউটিশিয়ান হওয়ার ইচ্ছে পোষণ করেছিল তখন আমি ওকে বলেছিলাম আগে তোমার পড়াশোনা শেষ করো, তারপর যা হতে চাও তাই-ই হবে। ও আমার কথা রেখেছিল। এমএ কমপ্লিট করেছে। এরপর বিউটিশিয়ান হিসেবে নিজের অবস্থান শক্ত করেছে। নাহিন অনেক সময় আমার বাসাতেই বউ সাজাতো। মেয়েরা যখন সাজাবার জন্য বাসায় আসতো তখন একরকম দেখেছি, কিন্তু নাহিনের হাতের ছোঁয়ায় তা হয়ে যেত অন্যরকম। দেখে নিজেই অবাক হয়ে যেতাম- আল্লাহ আমার মেয়ের মধ্যে কত গুণ দিয়ে রেখেছেন! এখন যখন সবাই বলে- বিউটিশিয়ান নাহিন আমার মেয়ে, তখন গর্বে আমার বুক ভরে যায় আর চোখ ভিজে আসে। আল্লাহর কাছে দোয়া করি ওর কর্মজীবনের ২৫ বছর যাতে সুন্দরভাবে ৫০ বছরে রূপ নেয়।



মো. শাহ্‌জাহান
নাহিনের বাবা

## “গর্ব নিয়ে বলি- আমি বিউটিশিয়ান নাহিনের মা”

তাহ্‌মিনা জাহান

নাহিন ছোটবেলা থেকেই চুপচাপ ও লাজুক টাইপের। দেখতে একদম পুতুলের মতো ছিল। ওর এই স্বভাবের জন্যেই ওকে অনেক আদর করতাম। নিজে সংস্কৃতিমনা বলে আমি চাইতাম সব মেয়েই সাংস্কৃতিক কর্মকাণ্ড করুক। অনেকেই হয়তো জানে না, আমার আরেক মেয়ে তারিন কিন্তু নাহিনের কাছ থেকেই নাচের অনুপ্রেরণা পেয়েছিল। ছোটবেলায় নাহিনের নাচের শখ ছিল। কুমিল্লার বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে সে নাচ পরিবেশন করেছে। স্কুলে টিচারদের খুব পছন্দের ছাত্রী ছিল। সবাই আমাকে বলতো- ওকে দিয়ে গ্ল্যামারাস অ্যাড করাতে। তখন আমি হাসতাম। তখন কি ভেবেছিলাম- আমার এই মেয়েই বড় হয়ে অ্যাড করবে? নাটকে অভিনয় করবে? উপস্থাপনা করবে? বাংলাদেশের একজন নামকরা বিউটিশিয়ান হবে? সবই স্বপ্ন মনে হয়। কারণ আমার স্বপ্নগুলো আমার মেয়েরা একেকভাবে পূরণ করেছে। ছোটবেলায় নাহিন খুব মনোযোগ দিয়ে পুতুলের চুল কাটতো, অন্যকে সাজাতো। তখনও ভাবিনি- বড় হয়ে বিউটিশিয়ান হবে। বিউটিশিয়ান হিসেবে যখন সে অনেক নাম করলো, তখন মনে হলো মা হওয়াটা আমার স্বার্থক হয়েছে। আমার ছেলে নেই বলে কোনো দুঃখ নেই। আমার মেয়েরাই আমার একেকটা ছেলে। আগে বিভিন্ন পার্লারে গিয়ে চুল কাটিয়েছি, মেকওভার করেছি। আর এখন আমার মেয়েরাই আমার সব করে দেয়। কারো কাছে যাওয়ার প্রয়োজন হয় না। নাহিনের বিউটিশিয়ান হওয়ার অনেক আগ্রহ ছিল। তাই নিজে অনেক কষ্ট করে, বিভিন্ন জায়গায় বিভিন্ন কোর্স করে শিখেছে। এই বিষয়ে আমরা ওকে কোনো সাহায্য করতে পারিনি। আজ আমি অনেক গর্ব নিয়ে বলি- আমি বিউটিশিয়ান নাহিনের মা। স্বার্থক আমার মা হওয়া। ওর কর্মজীবন যখন ৫০ বছর পূর্ণ হবে তখন আমরা হয়তো পৃথিবীতে থাকবো না, কিন্তু আমাদের দোয়া ও ভালবাসা সবসময় ওর সঙ্গে থাকবে।



তাহ্‌মিনা জাহান
নাহিনের মা

## "ছোট বোন হলেও ওর কাছ থেকে অনেক কিছু শেখার আছে"

শামীমা নেহ্‌রীন জাহান



শামীমা নেহ্‌রীন জাহান

**নাহিনের বড় বোন**

আমরা তিনবোন প্রায় পিঠাপিঠি। কিন্তু নাহিনের সঙ্গে আমার বন্ধুত্বটা একটু অন্যরকম। ও যখন ঢাকায় প্রথম কলেজে ভর্তি হলো, তখন কলেজে আসা-যাওয়া পর্যন্ত আমি ছিলাম ওর বডিগার্ড। নাহিনকে নিয়ে লালমাটিয়া থেকে বদরুন্নেছা কলেজ পর্যন্ত দিয়ে বাসায় চলে আসতাম এবং ছুটির পরে আবার নিয়ে আসতাম। ও ছিল চুপচাপ ও লাজুক টাইপের। কিন্তু ভীষণ বন্ধুভাবাপন্ন ছিল বলে স্কুল ও কলেজে অনেক বন্ধু ছিল। আমার সঙ্গেও ওর বন্ধুদের চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে ওঠে। গ্র্যাজুয়েশনের পর যখন বিউটিশিয়ান কোর্স করতে চাইলো সেটাও বাবার কাছে আমাকেই পেশ করতে হয়েছিল। বাবার শর্ত হিসেবে ওই কোর্স এবং এমএ'র পড়াশোনা একসঙ্গে চালিয়ে গেছে নাহিন। ওর ভেতর ডেডিকেশন আছে। তাই যেটা ও করবে বলে সিদ্ধান্ত নেয় সেটা করেই ছাড়ে। আমি আর নাহিন একসঙ্গে একটি স্কুলে পড়াতাম। শিক্ষক নাহিনের হাসির জন্য সব বাচ্চারা পাগল ছিল। ভীষণ ব্যক্তিত্বসম্পন্ন মেয়ে নাহিন। ওকে যারা কাছ থেকে দেখেছে তারা সবাই জানে ও উপর থেকে নারিকেলের মতো শক্ত, ভেতরে নরম। বিউটিশিয়ান হিসেবে নাহিন বোধহয় সবচে' কমসময়ে বউ সাজিয়েছে আমাকেই। শাড়ি পরানো, মেকআপ করা, ওড়না ও চুলে ফুল লাগানোসহ পুরোপুরি তৈরি করতে মাত্র ৩০ মিনিট সময় নিয়েছিল। ওর সব'চে বড় গুণ, নিজেকে সবসময় পরিপাটি করে রাখে। আমি যখন ওর কাজ দেখি তখন মনে হয়, যাকে ও সাজায় তার সৌন্দর্যটা সে উপলব্ধি করতে পারে। সেইভাবেই সে সাজায়। তাই ওর মেকআপটা কখনও আরোপিত মনে হয় না। একজন আর্টিস্ট যেভাবে রঙতুলি দিয়ে ক্যানভাসের ভেতরে নিজেকে মনোনিবেশ করে এবং তার মাঝে হারিয়ে যায়, নাহিনও ঠিক তাই। কাজের সময় নাহিন তার সাবজেক্টের মাঝে হারিয়ে যায়। নাহিন যখন অ্যাডের শুটিং করে তখন আমি দেখেছি সে শুধু মেকআপ নিয়েই থাকে না, মডেলের ড্রেস, জুয়েলারিসহ আনুষঙ্গিক খুঁটিনাটি সবকিছু দেখাশোনা করে, যাতে কাজটা খুব নিখুত হয়। কেউ যদি তার কাছ থেকে টিপস নিতে চায়, সেটা দিতে সে এক মুহূর্ত দ্বিধা করে না। এতো বড় মন খুব কম মানুষেরই আছে। বিউটিশিয়ান হিসেবে সে একবাক্যে তুলনাহীন। বিভিন্ন শুটিংয়ে আমি ওর সঙ্গী ছিলাম। আমি দেখেছি, একটা শটের পর আরেকটা শটের সময় আই মেকআপটা না তুলে ওটার ওপরই শেডটা কী সুন্দর করে ম্যাচ করেছে। ছোট বোন হলেও ওর কাছ থেকে অনেক কিছু শেখার আছে। অন্যকে ছোট করে দেখতে কখনও দেখিনি। অন্যের কাছ থেকে সবসময় শেখার চেষ্টা করেছে। অন্য বিউটিশিয়ানদের কাজের প্রশংসা করে দ্বিধাহীনভাবে। ছোট ও আদরের বোন হিসেবে ওর প্রতি আমার অন্তরের অন্তঃস্থল থেকে অনেক শুভেচ্ছা তো থাকবেই এবং আমি আরো চাই এই ২৫ বছর আরও সাফল্যের সঙ্গে ৫০ বছরে উপনীত হোক।

" আমি খুশিতে, গর্বে আমার চোখের পানি ধরে রাখতে পারিনি।"

শাহিন

বোনেদের মধ্যে নাহিন ৩য়, ছোট থেকেই ও খুব ঠান্ডা স্বভাবের, চুপ চাপ, সেই নাহিন বড় হয়ে রূপর্চচার উপর এত সুন্দর করে সবাইকে উপদেশ দেয়, দেখে আমি সত্যিই অবাক হই। নাহিন ছোট থেকেই যে কাজটা করত, খুব গুছিয়ে করত। বড় হয়ে সেটা ওর মেকাপ এবং অন্যান্য কাজের মাধ্যমে প্রকাশ পেয়েছে। আমি ১৭/১৮ বছর ধরে U.S.A আছি। এখানে বিভিন্ন মানুষের কাছে যখন নাহিনের কাজের প্রশংসা শুনি তখন আমি অনেক গর্ববোধ করি। ৩/৪ বছর আগে নহিন যখন আমেরিকায় প্রথম এসেছিল বাংলাদেশ ট্রেড ফেয়ার এর ফ্যাশন শোর জন্য মেকাপ করতে, তখন নাহিন কে ওর কাজের জন্য AWARD দেয়া হল, আমি খুশিতে, গর্বে আমার চোখের পানি ধরে রাখতে পারিনি। নাহিনের মন অসম্ভব বড় কারো কষ্ঠ ও কখনও সহ্য করতে পারে না, সেটা যদি ওর শত্রুও হয় তাও ও তার পাশে থাকার চেষ্টা করেছে। সবাই নাহিনের ব্যবহারের প্রশংসা করে, নাহিন কখনও বড়, ছোট হিসাব করে মানুষের সাথে মিশে না। ওর কাছে প্রতিটা মানুষই সমান, ছোট থেকেই ওর রূপচর্চার উপর আগ্রহ ছিল আর তাই ছোট থেকেই আমাদের পরিবারের বন্ধু বান্ধবদের সবার যে কোন বড় অনুষ্ঠানের মেকাপ হেয়ার-ডু নাহিন করত। আমাদের যেহেতু কোন ভাই নেই তাই আমার বাবার একটাই কথা ছিল তোমরা যে যাই কর পড়াশুনা ঠিকমত করতে হবে। নাহিন খুব অল্প বয়স থেকে এ কাজ করছে এবং বাবার কথা রেখেছে কাজের পাশাপাশি M.A Complete করেছে, নাহিন আমাদের সব বোনের বাচ্চাদের "ছোমমা" অর্থাৎ ছোট মা। ওর কাজের ২৫ বছর এত নিষ্ঠার সাথে, সততার সাথে ও পার করেছে সত্যিই গর্ব হয়। আমি দোয়া করি নাহিন যাতে ঠিক এমন নিষ্ঠার এবং সাফল্যের সাথেই ওর ৫০ বছরও পার করে।



শাহিন

নাহিনের মেজোবোন

"ছোট বোন হলেও ওর কাছ থেকে অনেক কিছু শেখার আছে"
শামীমা নেহ্‌রীন জাহান



জাবীন
**নাহিনের ছোট বোন**

আমি নাহিনের ছোট বোন জবীন। নাহিন সম্পর্কে বলারমত অনেক কিছুই আছে। ছোট বেলা থেকেই নাহিনের সাজগোজ ও চুলের বাধন সম্পর্কে অনেক আগ্রহ ছিল। আমরা বাইরে বা দাওয়াতে কোথাও যেতে হলে নাহিন আমাদের সাজিয়ে দিত। আমার স্কুলের বান্ধবীরা বাসায় আসলে নাহিন ওদের চুল কেটে দিত। এতো গেল নাহিনের বিউটি ফিকেশন সম্পর্কে আগ্রহের কথা। নাহিনের মেকাপ সম্পর্কে একটা মজার কথা বলছি,

নাহিন বোন সম্পর্কে কেমন সেটা বলার অপেক্ষা রাখে না, নাহিন অনেক শান্ত-স্বভাবের ছিল ছোট থেকেই। ও খুব স্কেরিফাইড মাইন্ড এর এবং ধার্মিক ছিল, ছোট বেলা থেকেই ওকে দেখেছি ৫ ওয়াক্ত নামাজ পড়তে। আমি ইউ,এস,এ এর লস-এনজেল -এ থাকি, এখানে বাঙালিরা নাহিনকে বেষ্ট বিউটিশিয়ান হিসেবে চেনে। নাহিন যখন লস-এনজেল -এ এসেছিল তখন ওর উপলক্ষে ১টা পার্টি দিয়েছিলাম, তখন সব ভাবীরা নাহিনের হাতে ১বার করে মেকাপ করার জন্য অনুরোধ করতে থাকেন। নাহিন সেদিন সবার অনুরোধ রেখেছিল, তাদের দৃষ্টিতে সেই দিনটি ছিল তাদের জীবনের সবচেয়ে সুন্দর মেকাপ নেয়ার দিন। নাহিন যে আমাদের বোন সেজন্য নিজেকে অনেক ভাগ্যবান মনে করি ।

নাহিন আমার এখানে যখন বেড়াতে আসলো, আমি তখন নাহিনকে লস-এনজেল -এ আমি যে পার্লারে যেতাম সেখানে ওকে নিয়ে যাই। আমার বিউটিশিয়ানের (ইন্ডিয়ান) সাথে নাহিনের পরিচয় করিয়ে দিই। ওর খুব আগ্রহ হল নাহিনের বেপারে জানার, আমার ক্যামেরা'তে নাহিনের মেকাপ করানোর বেশ কিছু ছবি ওকে দেখালাম। তারপর ও নাহিনকে অফার দিল ২/৩ দিন পর সেরাটন হোটেল-এ ওর একটা Bridal Make up এর Appointment আছে ১০/১৫ জনের বউ সহ। নাহিন কে অনেক টাকার অফার ও দিল সে। কিন্তু আমাদের পরদিনই Las Vegas যাওয়ার Plan ছিল বলে নাহিন না করে দিল। তখন আমার বিউটিশিয়ান নাহিনকে অনুরোধ করল যাতে ওকে মেকাপ করা শিখিয়ে দিয়ে যায়।

Chomma is extremely good at massaging and a beautician. She is kind, generous loving and caring person. She is very fashionable. Her cooking is flavourfull, yummy and testy.

I wish her all the best. She stays a nice persone that she already is.



ZASHIN KAZI

## Tribute To My Dearest Sis ``NAAHIN``

TAREEN



তারিন

**নাহিনের ছোট বোন**

INTRODUCTION: নাহীন আপু সম্পর্কে এই প্রথম আমি কিছু লিখছি ।

I'm not good at writing though, I'm really confused from where should I Start? চোখের সামনে অনেক গুলো স্মৃতি একসাথে flash in হচ্ছে, স্মৃতি গুলো অনেক আনন্দের, খুশীর, হাসি কান্নার সংমিশ্রন। আমি আজ এমন একজন মানুষ কে নিয়ে লিখছি যে, একইসাথে আমার বড় বোন, বন্ধু, গাইড, আমার হৃদয়ের একটি অংশ, ছোটবেলা থেকে যে এক এক মুহূর্তে এক এক রূপে নিজেকে আমার সামনে ধারন করেছে, আমার বোন হিসাবে আমি তাকে অনেক কাছ থেকে দেখেছি, অনেক বিশেষনে তাকে বিশেষন করা যায়, কিন্তু আমি আমার দেখা ব্যাক্তি নাহীন এবং পেশাগত নাহিনকে তুলে ধরতে চাই।

AS A PERSON NAAHIN: Loving, Caring, passionate, Beautiful, perfectionist, trustworthy, sincere, Affectionate, unselfish, Intelligent, talented, Devoted person.

বোন বলে নয়, মানুষ হিসাবে বলব নাহিন আপু মানুষকে খুব সহজে আপন করে নিতে পারে, তার সুন্দর ব্যবহার দিয়ে যাকে ভালবাসে তার জন্য নি:স্বার্থ ভাবে কিছু করতে দ্বিধা করেনা, বন্ধুব্যসল বলে বন্ধুদের পাশে থেকেছে সবসময়। আর পরিবারের জন্য হলে তো কথাই নেই। she can give to her xtrem limit, এটা অনেক বড় একটা গুন যা সাধারন মানুষের ভেতর খুব কমই দেখা যায় ওর কাছ থেকে অনেক কিছু শেখার আছে।

আমার ব্যাক্তিজীবন ও পেশাগত জীবনে নাহিন আপুর অবদান অনস্বীকার্য, MAKE UP কিভাবে করতে হয় তা পুরোটাই শিখেছি নাহিন আপুর কাছ থেকে still now I am learning, কখন কোন character, এ কি get up হবে তা নাহিন আপুর সাথে share করেই ওর নির্দেশ মত get up নিয়েছি। নাহিন আপুর কাছে কখনও কোন বিষয়ে help চেয়েছি, কিন্তু পাইনি তা হয়নি আর সবার ছোট বলে ওর কাছে আবদারের শেষ ছিলনা, প্রথমে একটু বড়বোনসুলভ বকা দিয়েছে, কিন্তু সেটা করেছে ঠিকই, আর আমার ছোট বেলা থেকেই নাহিন আপুর সবকিছুর ওপর অকর্ষন ছিল, মনে হত যা কিছু নাহিন আপুর তা সবই আমার, ওকে ছোটবেলা থেকেই অনেক জালিয়েছি, এখনও জালাই, He! He! He! But I love to do that again and again coz I know she loves me. There is a special bondage between US among other sisters, she is very special 2me. She is like a friend, I can Share anything with her. Personal and professional life এ তার support, Guide পেয়েছি সবসময়, কখনও শাসন, কখনও ভালবাসা, স্নেহ, মায়া মমতা দিয়ে আমার পাশে থেকেছে অভিভাবকের মত, অন্যায় কে কখনও প্রশ্রয় দিতে দেখিনি। But she can forgive quickly, that another quality her let me share a secret with u all, I always wan ted to look like her, be like her, যখন কেউ আমাকে বলে ''তোমার সাথে নাহিনের অনেক মিল'' আমার কিযে ভাল লাগে। But I know I can't be like her, coz she is not only beautiful 4m outside , she also have a golden heart, its her inner beauty which makes her so Special I am blessed to have a sister like hen.

AS A MAKE UP ARTIST / BEAUTY EXPERT: Naahin আপুর Make up/Hair Style এর প্রতি আকর্শন ছোটবেলা থেকেই দেখেছি, যেকোন অনুষ্ঠান, বিয়েতে নাহিন আপু পরিবারের সবাইকে সাজাত Different Hair style experiment করত, আমার মনে আছে আমার লম্বা চুলে নাহিন আপু trench breed করে দিত, ওর কাছ থেকেই 1st এই নামটা শোনা। ছোট বেলায় যত programe করেছি সবসময় নাহিন আপু আমাকে সাজিয়ে দিয়েছে, যদিও তখন ও কোথাও কোন প্রশিক্ষন নেয়নি। কিন্তু তখন থেকেই সবাই ওর কাজের প্রশংসা করেছে, আর নাহিন আপুকে দেখেছি দ্বিগুন উৎসাহে নতুন কোন Hair style বা Make up নিয়ে experiment করতে। I feel it's a god gifted thinly যখন থেকে I Beautician হিসাবে professionally কাজ করতে শুরু করেছে ওর এটার উপর পড়াশোনা করা, জানার আগ্রহ ততই বেড়েছে। নতুনত্ব এনেছে তার Make up করার style এ, তাতে করে ওর কাজকে একঘেয়ে মনে হয়নি কখনও experiment করতে ও পছন্দ করে এবং সেটা খুব দক্ষতার সাথেই করতে পারে, ওর কাজের প্রতি Dedication, sincerity, Honesty ওকে আজ এই সুনাম এনে দিয়েছে। একটি উদাহরন দেই, কাজের ক্ষেত্রে অনেক photo shot, event নাটকের shooting, fashion show তে নাহিন আপুকে beautician হিসাবে পেয়েছি। সেখানে me celebrity- কেই ও সমান চোখে দেখেছে, same priority দিয়েছে যার যেই চরিত্র, যেই get up, Make up, ঠিক সেভাবেই তাকে Ready করেছে, বোন বলে নাহিন আপু আমাকে extra care or priority দেয়নি, ওর কাছে তখন আমি ৮-১০টা শিল্পীর মতই শিল্পী/মডেল, কাজের ক্ষেত্রে personal relation কে বড় করে দেখেনি। feed it's a Rare quality which she have. নাহিন আপুর Honesty, sincerity- এর জন্য me Artist রা depend করত, ওর কাছে ওর কাজ, কাজের জায়গাটা এবাদতের মত, unite এর সবার সাথে সুন্দর ব্যবহার, সম্মান করা, কাউকে ছোট করে না দেখা ওর অনেক বড় গুন। আমি একটি কথা খুব proudly বলতে চাই, নাহিন আপু নাটকে। ad media তে Beautician concept এনেছে, তার আগে যারা রুপসজ্জার কাজ করতেন তাদের Make up man বলা হত, media তে নাহিন আপুই প্রথম নারী যে Make up Artist হিসাবে নিজেকে stablish করতে সক্ষম হয়েছে দক্ষতার সাথে তার মেধা এবং গুন দিয়ে, নাটকে Beautician trend শুরু হয়েছে নাহিন আপুর জন্য এর পেছনে ওর অক্লান্ত পরিশ্রম রয়েছে, Hats off 2 her 4 that. ওকে Follow করে আজ অনেকেই beautician হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে এই media তে, যার সুফল আমরা পাচ্ছি As a sister ও feel proud of her, অনেক বছর হল নাহিন আপু media থেকে দুরে কিন্তু এখনও যখন shooting এ মানুষ আমার কাছে নাহিন আপুর কথা বলে প্রশংসা করে, ওর কাজের কথা স্বরন করে তখন বোন হিসেবে অনেক গর্ব হয়। I feel she left such a great impact on people who have worked with her, that they still do remember her and do have a respect 4 her what else u want?

Naahin Apu all I wait to tell u is im lucky and blessed to have u as my sis, your talent is gods gift to u, and u are a great fighter, Who knows how to Fight back in life, U are a dreamer who have achieved her Dreams. Bonds that we share are ment to last till my last Breath sis, can't thank u enough for the joy that u bring to my life I love u today, as I have from the start and I'll love u sis forever, with all of my heart.

## "অনেক অনেক শুভকামনা"
রুনা লায়লা

## "Best wishes"
Runa Laila

অনেক আগে নাহিনের সঙ্গে আমি একটি ফটোশুট করেছিলাম। হেয়ার ডু অ্যান্ড মেকআপ করেছিলাম। এরপর আনফরচুনেটলি ওর সঙ্গে কাজ করার আর সুযোগ হয়নি। But that time she did a great job. I liked her work. বিউটিশিয়ান হিসেবে ওর ২৫ বছর পূর্তিতে অনেক অনেক শুভকামনা রইলো। আমি ওকে অভিনন্দন জানাতে চাই।

I happened to have the chance to work with Nahin for one photo-shoot long time ago. She did my make-up and hairdo. Unfortunately I didn't have the opportunity to work with her again afterwards. But that time she did a great job. I liked her work. My best wishes for her on the occasion of the 25th anniversary of her career beautician. I want to congratulate her.



রুনা লায়লা
বরেণ্য সঙ্গীতব্যক্তিত্ব

Runa Laila
Acclaimed singer

"I wish she keeps on working like this for 50 more years"
Sabina Yasmin

"আরো ৫০ বছর যেন সে এইভাবেই কাজ করে যেতে পারে"
সাবিনা ইয়াসমিন

To sum it up, Naahin's sense of beauty is excellent. It can be said about her without any wavering that I can be absolutely confident if I know that Naahin is in charge of the make-up. I don't have to worry anymore. Naahin did my make-up after a long time just a few days ago for a shooting in Singapore. Before starting the shooting she said she'll bring about a different look in me rather than the typical. I became a little confused – what does she want to do? I was a bit nervous as I went for the make-up. She presented me in eight different looks in eight different songs and presentations. Everyone showered me with praise after the programme went on air. I really liked that dedication of her towards work. As a human being she is wonderful

Sabina Yasmin
Acclaimed singer

নাহিনের বিউটিফিকেশন সেন্স এককথায় খুবই ভালো। ওর সম্পর্কে নির্দ্বিধায় এটা বলা যায় যে, নাহিন মেকআপে আছে জানলে পুরোপুরি নিশ্চিত থাকা যায়। নিজেকে আর চিন্তা করতে হয় না। কিছুদিন আগেই সিঙ্গাপুরে একটা শুটিংয়ে নাহিন অনেকদিন পর আমার মেকআপ করলো। কাজের শুরুতেই ও বলেছিল, আমাকে সচরাচর যেমন দেখা যায় তার চেয়ে ডিফরেন্ট একটা লুক আনবে। আমি একটু কনফিউজড হয়ে গিয়েছিলাম- কী করতে চায় ও? অনেকটা সংশয় নিয়েই মেকআপে বসতাম। মোট আটটি গান এবং উপস্থাপনায় আটটি ডিফরেন্ট লুকেই সে আমাকে প্রেজেন্ট করলো। অনুষ্ঠানটি অনএয়ারে যাওয়ার পর সবাই খুব প্রশংসা করলো। কাজের প্রতি ওর এই ডেডিকেশনটা আমার ভালো লেগেছে। মানুষ হিসেবেও খুব চমৎকার, মিশুক। ওর সঙ্গে কাজ করার এটাও একটা সুবিধা।
আমি নাহিনের কাজের ২৫ বছরের এই লগ্নে কামনা করি- কমপক্ষে আরো ৫০ বছর যেন সে এইভাবেই কাজ করে যেতে পারে।



সাবিনা ইয়াসমিন
বরেণ্য সঙ্গীতব্যক্তিত্ব

## "সাজসজ্জা সম্পর্কে ওর ধারণাটা খুব স্বচ্ছ"
ফেরদৌসী মজুমদার

## "She has a very clear perception about make-up"
Ferdousi Mojumder

নাহিনের সঙ্গে আমি যে ক'টি কাজ করেছি, তাতে আমার মনে হয়েছে- সাজসজ্জা সম্পর্কে ওর ধারণাটা খুব স্বচ্ছ। বলাই বাহুল্য, মানুষ হিসেবে খুবই ভালো। ভালো ওর আচার-ব্যবহার। খুব ধীর-স্থির। সাজসজ্জার ভেতরে অতি জাঁকজমক করে না। কিন্তু যেটুকু করে বুঝেই করে। কার মুখে কী মানাবে, সেই জ্ঞানটা ওর ভালোভাবেই আছে।



ফেরদৌসী মজুমদার
বরেণ্য অভিনেত্রী

I have worked with Naahin on quite a few occasions and I think she has a very clear perception about make-up. It goes without saying, as a human being she is fantastic. She is very well-mannered, and very steady and composed. She doesn't overdo the make-up. But she knows very well what she is doing. She has a good understanding of what different style will go with different facial features.

Ferdousi Mojumder
Acclaimed actress

"A very sweet girl"
Dolly Johur

"অসম্ভব মিষ্টি একটা মেয়ে"
ডলি জহুর

I have worked with Naahin on quite a few occasions and I think she has a very clear perception about make-up. It goes without saying, as a human being she is fantastic. She is very well-mannered, and very steady and composed. She doesn't overdo the make-up. But she knows very well what she is doing. She has a good understanding of what different style will go with different facial features.

নাহিন আজকে এতদূর এসেছে– এটা তো বিরাট একটা ব্যাপার। ও তো আমার মেয়ের মতো। তারপরও বলবো– একটা মানুষ যদি ধারাবাহিকভাবে ভালো কাজ করে যেতে থাকে, তাহলে সেটা অবশ্যই অ্যাপ্রিশিয়েট করতে হয়। আমিও করি। আমি চাই যে নাহিন এভাবেই সুষ্ঠুভাবে, সুন্দরভাবে আজীবন কাজ করে যাক। ওর সঙ্গে যদিও খুব বেশি একটা কাজ করা হয়নি, তারপরও আমার আশেপাশের সবাই ওর ভীষণ প্রশংসা করে। মানুষ হিসেবে অসম্ভব মিষ্টি একটা মেয়ে।

Dolly Johur
Acclaimed actress



ডলি জহুর
নাট্যব্যক্তিত্ব

"ভিন্ন কিছু করার চিন্তা বরাবরই দেখেছি"
নওয়াজীশ আলী খান

"She's always keen to do something different"
Nouajeesh Ali Khan

চেষ্টার কারণেই নাহিন সফল হয়েছে। তাই আমি তাকে এমন দিনে অভিনন্দন জানাই। আসলে সত্যি কথা বলতে কী, ওদের শিশুকাল থেকেই আমি চিনি। বলা যায়, আমার চোখের সামনে দিয়েই নাহিন-তারিন দুইবোনের বেড়ে ওঠা। ভালো পরিবারের সন্তান। নাহিনের পেশাটা একটু ভিন্ন আঙ্গিকের, সে কারণে আমার পক্ষে এর বর্ণনা দেয়া মুশকিলই বটে। তবে এইটুকু বলতে পারি, ভিন্ন কিছু করার চিন্তা ভাবনা বরাবরই নাহিনের মাঝে আমি দেখেছি। সেই কারণেই গতানুগতিক ধারার কাজের বাইরে নিজের ক্যারিয়ারটাকে সাজিয়েছে। আমি চাইবো নাহিন এর মাধ্যমে নিজেকে আরো অনেকদূর নিয়ে যাবে।

Naahin was successful because of her diligence. So I congratulate her in this auspicious occasion. So to speak, I know her from her childhood. Naahin and Tarin, two sisters, grew up in front of my eyes. She comes from a respected family. Her profession is of a different stature, so it's a bit difficult for me to say something. But at least I can say that she is always keen to do something different. That is why she has built her career in this non-conventional path. I wish Naahin goes a long way in her pursuit in this direction.



নওয়াজীশ আলী খান
এটিএন বাংলা, টি.ভি চ্যানেল

Nouajeesh Ali Khan
ATN Bangla, TV Channel


## "It was very challenging"
Abul Hayat

## "অনেক চ্যালেঞ্জিং ব্যাপার ছিল"
আবুল হায়াত

Naahin is a renowned make-up artist of our country. When she got involved in this profession it was very challenging at that time to pursue this kind of venture. She couldn't have made this far if she was not that determined. I meet her from time to time in different programmes, and we have nice conversations. As a person, she is very humble. Naahin will go much further with her distinctiveness. Her works will speak for herself in the future. I wish her all well and my blessings will be with her.

নাহিন আমাদের দেশের নামকরা মেকআপ আর্টিস্ট। ও যে সময় এই কাজে নিজেকে জড়িয়েছিল, সেই সময়ের জন্য এমন উদ্যোগ আসলেই অনেক চ্যালেঞ্জিং ছিল। তার মাঝে যদি একাগ্রতা না থাকতো, তাহলে বোধ করি আজ এতদূর পর্যন্ত আসতে পারতো না। বিভিন্ন অনুষ্ঠানে মাঝে মাঝে দেখা হয়। কথাও হয়। ব্যক্তি হিসেবে ও সে বিনয়ী। নাহিন তার নিজস্বতা দিয়ে আরো অনেক দূর যাবে। তার কাজই আগামীতে কথা বলবে। আমি তার সর্বাঙ্গীন মঙ্গল কামনা করি। নাহিনের জন্য আমার দোয়া রইলো।

Abul Hayat
Actor and director



আবুল হায়াত
নাট্যব্যক্তিত্ব ও নির্মাতা

## "অত্যন্ত উঁচুদরের একজন বিউটিশিয়ান"
হুমায়ূন ফরীদি

## "She is a beautician of the highest calibre"
Humayun Faridi

নাহিন তো বেসিক্যালি একজন মেকআপ আর্টিস্ট এবং বিউটিশিয়ান। সে অত্যন্ত উঁচু মানের একজন বিউটিশিয়ান বলে আমি মনে করি। আমার ক্ষেত্রে এমন অনেক ঘটেছে যে– একজন সুন্দরী মেয়েকে প্রশংসা করতে গিয়েই শুনেছি– 'এর জন্য আমি নই, নাহিন আপা দায়ী।' অর্থাৎ এই সুন্দরের পেছনে নাহিনের হাত রয়েছে। এ ধরনের বাক্য শুনতে সবসময়ই ভালো লেগেছে।



হুমায়ূন ফরীদি
নাট্যব্যক্তিত্ব

Naahin is basically a make-up artist and beautician. I consider her as a beautician of the highest calibre. This has happened so many times with me, whenever I praised a beautiful girl, she said, "It's not me, Naahin apu did the job." That means Naahin was instrumental behind the beauty. I always felt good to hear those.

Humayun Faridi
Actor

## "সে আজীবন আমাদের মাঝে বেঁচে থাকবে"

আফজাল হোসেন

প্রথম কথা হচ্ছে– নাহিনের সঙ্গে আমার সম্পর্ক বিজ্ঞাপন দিয়ে। তখন বিজ্ঞাপন জগতের ক্ষেত্রটা এখনকার মতো এতোটা প্রস্তুত ছিল না। শুরুর দিকে যারাই কাজ করেছেন তারা প্রত্যেকেই এই ক্ষেত্রটা তৈরির জন্য আলাদা আলাদা ভূমিকা রেখেছেন। নিজেরাই নিজেদের অবস্থান তৈরি করে নিয়েছেন। মডেলদের বেলাতেও একই কথা প্রযোজ্য। তবে অনেক মডেলেরই মডেল হয়ে ওঠার পেছনে কিংবা তাদের খ্যাতির পেছনে নাহিনের একটা ভূমিকা ছিল। বিজ্ঞাপন হচ্ছে স্বপ্ন তৈরির ক্ষেত্র। এই স্বপ্ন তৈরিতে নাহিনের সিনসিয়ারিটি, সময়ের মূল্য বোঝার বিষয়টি সত্যিই প্রশংসনীয়। বিজ্ঞাপনটাকে উপার্জনের জায়গা না ভেবে সৃজনশীল একটা জায়গা ভাবা অল্প ক'জন মানুষের মধ্যে নাহিন একজন। আমরা গর্বিত সেইসময় নাহিন আমাদের সঙ্গে ছিল।
সে আজীবন আমাদের মাঝে বেঁচে থাকবে।



আফজাল হোসেন
**খ্যাতিমান অভিনেতা ও নির্মাতা**

## "সি ইজ বেটার দ্যান এ ডিরেক্টর"

আহমেদ ইউসুফ সাবের

## "She is better than a director"

Ahmed Yusuf Saber

নাহিন আমার ছোট বোনের মতো। আমার আর আফজাল হোসেনের হাত ধরেই বিজ্ঞাপনে তার বিউটিশিয়ান হিসেবে যাত্রা শুরু। সে বিউটিশিয়ান হিসেবে অনেক বড় মাপের তাতে কোনো সন্দেহ নেই। কিন্তু তার উর্ধ্বে হচ্ছে সে আমার ছোটবোন। মানুষ হিসেবে সে অতুলনীয় একজন মানুষ। কেয়া, লিলিসহ আমার প্রোডাকশনের প্রায় সব বড় কাজই সে করেছে। তার সবচেয়ে বড় সম্পদ হচ্ছে ডেডিকেশন। তাকে শুধু বলে দিলেই হলো– আমার এই বিজ্ঞাপন, আমার আর্টিস্ট এই এবং আমার এটা দরকার। বাকিটা নাহিন করে ফেলতো। আর্টিস্টকে নিয়ে গিয়ে কেনাকাটা থেকে শুরু করে শুটিংয়ের শেষ শট পর্যন্ত তার ডেডিকেশন থাকতো। কখনও কখনও মনে হয়েছে সি ইজ বেটার দ্যান এ ডিরেক্টর। কেননা আমি তো শুধু প্রয়োজনের কথা বলতাম, আর নাহিন তার চেয়েও কীভাবে সুন্দর করা যায় সেটা দেখতো এবং সাজেশন দিত। সি ইজ দ্য বেস্ট হেলপিং হ্যান্ড অফ এ ডিরেক্টর। আমি চাই সে আরো বহুদূর যাক। সে এমনই সুন্দর থাকুক। দীর্ঘজীবী হোক। আজ থেকে দশ বছর আগে যেমন ছিল, বিশ বছর আগে আমার সঙ্গে যেমন ছিল সারাজীবন সে যেন এমনই থাকে।



আহমেদ ইউসুফ সাবের
বরেণ্য লেখক ও নির্মাতা

Naahin is like my little sister. Afzal Hossain and I brought her to this career as a beautician for advertisements. She is a great beautician, there's no doubt about that. But above all that she is my little sister. As a person she is incomparable. She got all the major works of my production house such as Keya and Lily. Her greatest asset is her dedication. I just have to say to her this is the advertisement, these are the artists and I need such and such things. She will do the rest. She went shopping with the artists and maintained her dedication till the last shot. Sometimes I thought to myself she is better than a director. Because I just told her what I needed and she came up with ideas how the whole thing could be done in a better way and gave me suggestions. She is the best helping hand of a director. I want her to go much further. I wish she stays as beautiful as she is. Lives long. Stays the same as she was 10 years ago, stays the same she was with me 20 years ago.

Ahmed Yusuf Saber
Acclaimed writer and producer

## "Every artist loved her"
Faruk Ahmed

I am very happy to know that Naahin has completed 25 years as a beautician. I joined Asiatic in 1983. From the mid-eighties I have observed that Naahin worked as the beauty expert for most of the good dramas or advertisements at that time. Her manners are amazing. Every artist liked her very much. She worked so well that everyone wanted their make-up to be done by her. Anwar Hossain Bulu worked as the cameraman for most of our advertisements. He also wanted Naahin as the make-up artist all the time. Probably Naahin is also the make-up artist of the first package drama of the country. As a make-up artist Naahin can be called the pioneer. Because no one else was doing this kind of work at that time.

As a person Naahin is wonderful. She is very amiable, humble, elegant and honest. Sincerity and honesty always takes a person way ahead. If there is a perfect combination of those two qualities nothing is needed. It is applicable in the case of Naahin. We missed her for quite some time in the middle. I would love her to be working regularly now.

Faruk Ahmed
General manager
Asiatic Events Marketing Limited

## "সব আর্টিস্টই তাকে অসম্ভব পছন্দ করতো"
ফারুক আহমেদ

বিউটিশিয়ান হিসেবে নাহিনের ২৫ বছর পূর্ণ হয়েছে জেনে আমার খুবই ভালো লাগছে। আমি এশিয়াটিকে জয়েন করেছি ১৯৮৩ সালে। আশির দশকের মাঝামাঝি থেকেই আমি দেখেছি সেসময় যত ভালো নাটক কিংবা বিজ্ঞাপন তৈরি হতো তার অধিকাংশেরই বিউটি এক্সপার্ট হিসেবে কাজ করেছে নাহিন। মানুষের সঙ্গে তার ব্যবহার অসাধারণ। সব আর্টিস্টই তাকে অসম্ভব পছন্দ করতো। নাহিন এতো ভালো কাজ করতো যে, সবাই তার কাছেই মেকআপটা নিতে চাইতো। আমাদের বেশিরভাগ বিজ্ঞাপনে ক্যামেরার কাজ করতেন আনোয়ার হোসেন বুলু। তিনি মেকআপ আর্টিস্ট হিসেবে নাহিনকেই চাইতেন। বাংলাদেশের প্রথম প্যাকেজ নাটকেরও মেকআপ আর্টিস্ট সম্ভবত নাহিন। মেকআপ আর্টিস্ট হিসেবে নাহিনকে পাইওনিয়ার বলা যায়। কেননা ও ছাড়া তখন কেউ এরকম কাজ করতো না।

ব্যক্তি হিসেবে নাহিন অসাধারণ। খুবই অমায়িক, বিনয়ী, মার্জিত এবং সৎ। সিনসিয়ারিটি এবং অনেস্টি একটা মানুষকে অনেক দূর নিয়ে যায়। এ দু'টির সমন্বয় থাকলে আর কোনো বাধা থাকে না। নাহিনের ক্ষেত্রেও এটা প্রযোজ্য। যদিও মাঝখানে অনেকদিন নাহিনকে আমরা পাইনি। আমি চাইবো সে নিয়মিত হোক।



ফারুক আহমেদ
জেনারেল ম্যানেজার,
এশিয়াটিক ইভেন্টস মার্কেটিং লিমিটেড

## "নাহিন আমাদের বিজ্ঞাপন পরিবারেরই একজন"
তারিক আনাম খান

## "Naahin is one of us in the advertisement world"
Tarik Anam Khan

বিজ্ঞাপন নির্মাতা হিসেবে যখন আমি কাজ শুরু করি, তখন থেকেই নাহিনকে চিনি। অনেক বছর আগের কথা। তাই সঠিকভাবে সময় বলাটা মুশকিল। তবে তাকে অনেকে বিউটিশিয়ান হিসেবে দেখলেও আমি আমার ইউনিটের একজন সদস্য হিসেবেই দেখেছি। নাহিন আমাদের বিজ্ঞাপন পরিবারেরই একজন। কারণ সে শুধু আর্টিস্টকে কোন চেহারায় ক্যামেরায় ভালো দেখাবে, কিংবা কার কীরকম মেকআপ হওয়া উচিত- শুধু এই দিকটিই দেখতো না। সেইসঙ্গে সে ইউনিটে বসে কোন সিকোয়েন্স ভালো হচ্ছে, কেমন হচ্ছে-না হচ্ছে- সেই বিষয়েও মতামত জানাত। সবকিছু মিলিয়েই নাহিন আমাদের বিজ্ঞাপন জগতের রূপচর্চার ক্ষেত্রটাতে যে পথ দেখিয়েছে, তা সত্যি মনে রাখার মতো। যদিও এখন সে নিজস্ব প্রতিষ্ঠান নিয়েই ব্যস্ত। তবু কাজ করতে গেলে এখনো তাকে আমি অনেক মিস করি। তার আগামীর
পথচলা আরো ভালো হোক।
এই কামনাই করছি।



তারিক আনাম খান
নাট্যব্যক্তিত্ব ও খ্যাতিমান নির্মাতা

I know Naahin since I started working as a advertisement producer. It was so long ago. So it's hard to mention the specific time. Some might consider her as a beautician, but I always considered her as a member of my unit. Because she not only took care of how an artist would like in the specific make-up on the camera and deciding proper make-up for every artists, but she also sat with the unit and expressed her opinion on how good a sequence is going, or how the whole shooting is going on. Considering everything, the path of make-up art that Naahin showed the advertisement world is absolutely memorable. Although she is busy with her own organisation now. Still I miss her whenever I work on any project. I wish her future endeavour becomes much more flourished.

Tarik Anam Khan
Actor and famous producer

## "She is the pioneer"
### Shompa Reza

## "সি ইজ দ্য পাইওনিয়র"
### শম্পা রেজা

I came to know while working. I was doing the advertisement for Pride at that time. It was the early nineties. We worked for a whole month straight. She is like my little sister. When she met me she said she really wanted to do my make-up. I did the make-up. Our tastes on make-up were so similar. She is, so to speak, a complete make-up artist. I will consider her as the pioneer of this country. It has to be said, it's true, she is the pioneer of the total make-up outlook. The get-up that beauticians of today are providing was actually started by Naahin – to chose the saree, to fix the loose end of it – everything. She wasn't confined within only make-up. She worked with the whole get-up. The first day I worked with her, I observed I didn't have to do anything. My saree, my ornaments, which one to wear after what – she took care of it all beforehand. I didn't have to worry about anything. I just had to present myself in front of the camera.

Shompa Reza
Actress

আমার সঙ্গে ওর কর্মক্ষেত্রেই পরিচয়। তখন আমি প্রাইড-এর অ্যাডটা করেছিলাম। নব্বই দশকের প্রথম দিকের কথা। আমরা প্রায় একমাস দিনরাত কাজ করেছি। ও আমার ছোটবোনের মতো। দেখা হবার পরই ও আমাকে বলেছিল- "ওর খুব ইচ্ছে ছিল আমাকে সাজাবে"। আমি সাজলাম। সাজগোজের ব্যাপারে আমাদের দু'জনের রুচির জায়গাটা মিলে গেলো। ও আসলে টোটাল মেকআপ আর্টিস্ট। এ ক্ষেত্রে আমি ওকে এ দেশে পাইওনিয়র বলবো। এটা বলতেই হবে, ইটস এ ট্রুথ- সি জি দ্য পাইওনিয়র অব দি টোটাল মেকআপ আউটলুক। আজকে বিউটিশিয়ানরা যে টোটাল গেটআপটা দিচ্ছে– এটা কিন্তু নাহিনই শুরু করেছিল। শাড়িটা চুজ করে দেয়া, আঁচলটা ঠিক করে দেয়া। শুধু মেকআপের মধ্যে ও সীমাবদ্ধ কখনই ছিল না। পুরো গেটআপ নিয়ে ও কাজ করে। আমি যেদিন প্রথম ওর সঙ্গে কাজ করলাম, সেদিনই দেখলাম আমার কিছু করতে হলো না। আমার শাড়ি, গয়না, কোনটার সঙ্গে কোনটা পরবো- সব ও সাজিয়ে রেখেছিল। আমার কিছু নিয়েই চিন্তা করতে হয়নি। ক্যামেরার সামনে সুন্দর করে দাঁড়ানো ছাড়া আর কিছু করার ছিল না।



শম্পা রেজা
নাট্যব্যক্তিত্ব

## "আমার চোখে লেগে থাকা মানুষদের মধ্যে নাহিন একজন"

ইমদাদুল হক মিলন

১২-১৪ বছর আগের কথা। আমি বিটিভিতে একটি ধারাবাহিক নাটক করেছিলাম। নাটকের নাম ছিল 'যুবরাজ'। ঢাকার বাইরে খতিব খামারবাড়িতে গিয়ে আমরা শুটিং করতাম। শমী কায়সারের সঙ্গে নাহিন যেত। নাহিনকে আমি আগেও বেশ কয়েকবার দেখেছি। তারিনের বোন হিসেবে চিনতাম। যুবরাজ-এর শুটিংয়েই তাকে খুব কাছ থেকে দেখলাম। আমি খেয়াল করলাম- এই মেয়েটি নিজে যেমন সুন্দর, তেমনি তার শিল্পমনও আছে। মনের দিক থেকেও সে চমৎকার। সে শমী'র মেকআপ গেটআপ দেখার জন্যে যেত। শমী কোন শাড়িটা পরবে, কীরকম মেকআপ দেবে- এগুলো দেখতো। কিন্তু আমি অবাক হয়ে লক্ষ্য করলাম- সে এমনভাবে আমার নাটকটার মধ্যে ঢুকে গেলো যে অন্য আর্টিস্টদের গেটআপও কীরকম হতে পারে সেনিয়ে একটা মতামত দিত। আমার অসম্ভব ভালো লাগলো। সে যেটুকু কাজ করে খুব মনোযোগ দিয়ে করে। তার মধ্যে কোনো ফাঁকিঝুঁকি নেই। কোনো কাজে যদি আন্তরিকতা থাকে এবং ফাঁকি না থাকে তাহলে সেই কাজটা ভালো হতে বাধ্য। আমি যেহেতু একজন লেখক তাই বলবো- একটা মানুষ দেখতে সুন্দর এবং তার একটা শিল্পমন আছে- তার প্রতি আমার একটা শ্রদ্ধাবোধ তো জন্মাবেই। নাহিনকে আমার মনে হলো- যে শিল্পের সঙ্গে সে জড়িত সেই জায়গাটায় সে আন্তরিক। মানুষ হিসেবেও সে আন্তরিক।

কিছুদিন আগের ঘটনা। ঈদের পরদিন বিক্রমপুরে আমি আমার গ্রামের বাড়িতে বেড়াতে গেছি। হঠাৎ নাহিনের ফোন এলো। সে আমাকে বললো- এনটিভিতে তারিনের সঙ্গে ঈশিতার যে প্রোগ্রামটা হয়েছে সেটি দেখে তার কান্না পেয়ে গেছে। প্রোগ্রামটা তার অসম্ভব ভালো লেগেছে। আমি ছোটখাট দু'একটা প্রোগ্রাম উপস্থাপনা করি। এটা এমনকিছু বড় ব্যাপার না। কিন্তু নাহিন যে আন্তরিকতা ও উচ্ছ্বাস নিয়ে আমার প্রশংসা করলো যে আমি উপলব্ধি করলাম, মনের দিক থেকে সে অনেক উদার।

আমার সঙ্গে যদি নাহিনের যোগাযোগ অনেক কম হয়। তারপরও আমি বলবো- আমার চোখে লেগে থাকা মানুষদের মধ্যে নাহিন একজন। ওকে আমি অসম্ভব পছন্দ করি। অত্যন্ত সম্মান করি, অত্যন্ত ভালোবাসি।



ইমদাদুল হক মিলন
কথাসাহিত্যিক

## "Naahin is one of the persons who caught my attention"
Imdadul Haq Milon

It was 12-14 years ago. I was working on a drama serial for BTV called "Juboraj". We used to go outside Dhaka in Khatib Khamarbari for the shooting. Naahin used to come with Shomi Kaiser. I saw her a few times before that. I knew her as Tarin's sister. I had the chance to know her up close at the shooting of Juboraj. I observed that this girl not only beautiful herself but also possesses an artistic mind. She is also a great person. She used come and watch over Shomi's make-up, such as deciding which saree will Shomi wear and what her make-up would be. But I was surprised to find out that she got so involved with my drama serial, and gave her opinions on how the other artists' make-ups could be. I felt really great. She performs her job very conscientiously. There are no evasive tricks involved in her work. If someone is sincere and conscientious their work would be automatically well performed and of high quality. I am a writer, so I'll say whoever is beautiful and also possesses an artistic mind will get my respect. I think Naahin is sincere about the form of art she is involved with. She is also genuine as a person too.

A few days ago, I went to my village in Bikrampur the day after Eid. Suddenly Naahin called. She said to me that she started crying after watching the programme of Tarin and Eshita in NTV. She said she absolutely loved the programme. I anchor one or two programmes in the TV. This is not a big deal. But the way Naahin praised me with all her heart and enthusiasm, made me realise that she is a very open-hearted person.

I seldom come in touch with Nahin. Even after that, I would say, Nahin is one of the persons that caught my attention. I like her very much. I respect her greatly and admire her.

Imdadul Haq Milon
Novelist

## “নাহিন ওর ট্যালেন্টটাকে পুরোপুরি কাজে লাগাতে পারেনি”

শমী কায়সার

নাহিন আমার খুব কাছের বন্ধু। খুব কাছের একজন সহকর্মী। পেছনের দিকে যদি তাকাই, তখন প্যাকেজ নাটক মাত্র শুরু হয়েছে। আসলে '৯২ থেকে '৯৭-৯৮ পর্যন্ত ছিল আমাদের নাটকের গোল্ডেন টাইম। অনেক নাটক করেছি সেসময়। আমার সব নাটকের প্রায় পুরোটা সময় জুড়ে ছিল নাহিন। শুধু আমি না, সেই সময়ের জনপ্রিয় প্রায় সব অভিনেত্রী নাহিনকে দিয়েই তার মেকআপটা করাতে চাইতেন। নাহিন আছে জানলে সবাই খুশি হয়ে যেতেন। মেকআপের সময় আমার কী প্রয়োজন সেটা আমার চেয়ে ও-ই বেশি বুঝতো। ওর চমৎকার একটা গুণ হচ্ছে- যার মেকআপ সে করছে তার পালস-টা সে বুঝতে পারে। মানুষটা কী ধরণের, তার রুচি কী- এটা বুঝেই কাজ করতো। এ কারণে সবার সঙ্গেই ওর অদ্ভুত একটা সখ্য গড়ে উঠতো। সবার সঙ্গেই ওর আলাদা একটা সম্পর্কে গড়ে উঠেছে। '৯৮-এর পর থেকে নাহিনের সঙ্গে আমার সেভাবে কাজ করা হয়নি। তবে পারিবারিক বন্ধুত্বের কারণে কাজের বাইরেও অনেক বেশি, ঘনঘন নাহিনের সঙ্গে আমার যোগাযোগ হত। অনেক আগে মোহাম্মদপুরে নাহিনের একটা পার্লার ছিল। সেখানে মাঝে মাঝেই যেতাম। নাটকের জন্য নয়, সাধারণ চুল কাটার জন্যে হলেও যেতাম। সেখান থেকে বায়োটিক করা, তারপর আরো এগিয়ে যাওয়া- আসলে ওর সকল সফলতা যেন আমার চোখের সামনেই হয়েছে।

বন্ধু হওয়ায় নাহিনকে কখনও বাইরের কেউ বলে আমার মনে হয় না। তবে ওর প্রতি আমার অভিযোগ আছে। আমার কখনও কখনও মনে হয়েছে, ও ওর ট্যালেন্টটাকে পুরোপুরি কাজে লাগাতে পারেনি। অনেক ক্ষেত্রে সুযোগ পেয়েও করেনি। কেনো করেনি, সেটা ইচ্ছাকৃত না অনিচ্ছাকৃত সেটা জানি না। কিন্তু আমি চাই সে সুযোগগুলো দূরে ঠেলে না দিয়ে গ্রহণ করুক।

মানুষ হিসেবে ও খুবই হেল্পফুল। ভীষণ পরোপকারী। পরিচিত কোনো মানুষ বিপদে পড়লে কিছু করার অদ্ভুত সুন্দর একটা মানসিকতা আছে। শুধু কাছের মানুষ নয়, অন্যদের জন্যও করে। এই গুণ শুধু নাহিনের নয়, ওর পরিবারের সবার মধ্যেই আছে। এছাড়া খুব ভালো রান্না করে। আরেকটা সুন্দর গুণ নাহিনের মধ্যে আছে। সেটা হচ্ছে- ও স্থান, পাত্র ও সময় বুঝে অ্যাক্ট করে এবং কথা বলে। যে কোনো কিছু খুব বুদ্ধিমত্তার সঙ্গে হ্যান্ডেল করতে পারে।



শমী কায়সার
নাট্যব্যক্তিত্ব ও নির্মাতা

## "Naahin couldn't utilise her talent fully"
Shomi Kaiser

Naahin is a very close friend of mine and a very good colleague. If I look back, package dramas have only started that time. From 1992 to 1997-98 was our country's drama industry's golden time. I acted in a lot of dramas that time. Throughout almost all of my dramas Naahin was involved. Not only me, all the actresses of that time wanted their make-up to be done by Naahin. If Naahin was there everyone became happy. She understood, more than me, what I needed during make-up. One of her great qualities is, she could understand the pulse of the person she is doing the make-up for. She understood, how the person is, what she prefers, and performed accordingly. For this reason, she was able to build a good rapport with everyone. She has built up special relationship with everyone. I haven't worked that much with Naahin after '98. But due to our family friendship, we were in constant touch beside our works. Long time ago, there Naahin ran a parlour in Mohammadpur. I used to go there. Not for dramas, just for usual hair styles. Then she started biotic service, and then went on further. Actually all of her success happened in front of my eyes.

As she is my friend, I don't consider Naahin as an outsider. But I do have some things to say about Naahin. Sometimes I felt, she couldn't utilise her talent properly. Sometimes, she got the chance, but didn't take it. I don't know why she didn't, I don't know if it was deliberate or unintentional. But I want she embraces all the opportunities rather than pushing them away.

As a person she is very helpful. She is always ready to lend a hand. If someone close is in danger she has this remarkable mentality to help them. Not only for the closed ones, has she helped out the ones who are not even close. Everyone in Naahin's family actually have this virtue. Besides she cooks well. Another quality of Naahin is that she understands the time, place and person and acts accordingly. She can handle anything wisely.

Shomi Kaiser
Actress and director

"নাহিন জানে- কীভাবে সাধারণকে অসাধারণ সুন্দর করে তুলতে হয়"
অরুণ চৌধুরী

"Naahin knows how to turn ordinary into extra-ordinary beauty"
Arun Chowdhury

পৃথিবীতে সবাই সুন্দর। শুধু কেউ কেউ জানে না কীভাবে নিজেকে সুন্দর রাখতে হয়। নাহিন জানে- কীভাবে সাধারণকে অসাধারণ সুন্দর করে তুলতে হয়। ভুলবো না, আমার পরিচালিত প্রথম সিরিজ নাটকে মেকআপ আর্টিস্ট হিসেবে আমার শিল্পীদের দারুণ সুন্দর করে দিয়েছিল। এই চমৎকার মেয়েটির রূপসজ্জার কর্মে ২৫ বছর পূর্ণতায় আমার শুভেচ্ছা।



অরুণ চৌধুরী
নাট্যকার, সাংবাদিক ও গীতিকার

Everyone is beautiful in this world. It's just that some doesn't know how to present them beautifully. Naahin knows how to turn ordinary into extra-ordinary beauty. I won't forget how she made all my artists in my first drama serial look so beautiful by working as a make-up artist. My best wishes on the occasion of the 25th anniversary of this nice girl's being a make-up artist.

Arun Chowdhury
Playwright, journalist and songwriter

## "I want her for my dramas too"
Jinat Hakim

## "তার কাছ থেকে নাটকের জন্যেও সময় পেতে চাই"
জিনাত হাকিম


Naahin has been working as a beautician for a long time with reputation. Those who even worked once with Naahin are sure to go back to her, and they are going back. Skin is a very sensitive thing. Make-up is not an easy matter. Even some harm can be done anytime. But I have the confidence in Naahin that nothing bad will happen and I can get the best solution. I expect Naahin to continue with her success. We were always beside her and will be. She analyses and does her research – that's the way I have seen her work. Naahin herself is beautiful and she is really assiduous about how to present others in a beautiful way. She truly understands the essence of make-up, starting from bridal to everything. The works she did in the dramas and advertisements were truly wonderful. Actually, we seldom see her work in the dramas nowadays. Now there are so many TV channels but she is not involved in all that to that extent now. We want her to invest her time in dramas more often.

The whole family of Naahin is a very happy one. A beautiful smile, sharp face, bright eyes – you know there are some people who you like on the first appearance, you want to talk to them, and you want to get acquainted – Naahin is that type of person. I have always seen her smiling. An ever-smiling girl – this notion is perfect to describe Naahin. She is a very good girl and a big-hearted person. I wish she stays like this all the time.

Jinat Hakim
Playwright

নাহিন দীর্ঘদিন ধরে সুনামের সঙ্গে বিউটিশিয়ান হিসেবে কাজ করে যাচ্ছে। যারা একবার তার সঙ্গে কাজ করেছেন তারা অবশ্যই নাহিনের কাছেই বারবার ফিরে যাবেন এবং যাচ্ছেন। ত্বক কিন্তু খুবই সেনসেটিভ একটা ব্যাপার। মেয়েদের রূপচর্চা সহজ জিনিস নয়। যে কোনো সময় একটা ক্ষতিও হয়ে যেতে পারে। কিন্তু নাহিনের প্রতি এই আস্থাটা আছে যে- ত্বকের কোনো ক্ষতি হবে না এবং সবচে' ভালো সলিউশনটা পাওয়া যাবে। নাহিন এই সাফল্য ধরে রাখবে- এটা প্রত্যাশা করি। আমরা সবসময়ই তার পাশে আছি এবং থাকবো। তার কাজের যে ধরণ আমি দেখেছি- রীতিমতো এ্যানালিসিস করে, রিসার্চ করে কাজগুলো করা। নাহিন নিজে যেমন সুন্দরী, মানুষকে কীভাবে সুন্দর করে উপস্থাপন করা যায় সে ব্যাপারেও ভীষণ খুঁতখুঁতে। সাজানোর ব্যাপারটা, ব্রাইডাল থেকে শুরু করে যে কোনো কিছু- সে সত্যিকার অর্থে বোঝে। নাটক এবং বিজ্ঞাপনে যেসব কাজ সে করেছে সত্যিই অসাধারণ। বরং এখন তাকে নাটকে আমরা খুবই কম পাই। এখন এতো বেশি টিভি চ্যানেল হয়েছে, তাকে সেইভাবে নাটকে পাওয়া যায় না। আমরা তার কাছ থেকে নাটকের জন্যেও সময় পেতে চাই।

নাহিনের পুরো পরিবারটিই একটি হাসিখুশি পরিবার। সুন্দর হাসি, সুন্দর মুখ, উজ্জ্বল চোখ- কিছু কিছু মানুষ আছে না, যাদের দেখলেই ভালো লাগে, কথা বলতে ইচ্ছে করে, মিশতে ইচ্ছে করে? নাহিন হচ্ছে সে ধরনেরই একজন মানুষ। তাকে কখনও হাসিমুখ ছাড়া দেখিনি। 'হাস্যোজ্জ্বল একটি মেয়ে'- এই বাক্যটি নাহিনের জন্য পারফেক্ট। অসাধারণ ভালো একটি মেয়ে। ভালো মনের মানুষ। আমি কামনা করি সবসময় সে এরকমই থাকবে।



জিনাত হাকিম
নাট্যকার

“জেনে-শুনে এবং বুঝে করে”
হানিফ সংকেত

“She does her work meticulously, and knows what she is doing”
Hanif Sangket

ইত্যাদিতে মেকআপ আর্টিস্ট হিসেবে নাহিন বেশ কয়েকবার কাজ করেছে। করেছে নাটকেও। ওকে আমার যথেষ্ট সিনসিয়ার মনে হয়েছে। কাজ দেখলে মনে হয় যেটাই করে, জেনে-শুনে এবং বুঝে করে। অসম্ভব বিনয়ী একজন মানুষ। দক্ষ বিউটিশিয়ান হিসেবে ২৫ বছর পূর্তিতে আমি অবশ্যই ওকে অভিনন্দন জানাতে চাই।



হানিফ সংকেত
বরেণ্য উপস্থাপক ও নির্মাতা

Naahin worked several times for Ityadi as a make-up artist. She worked in drama serials too. She looked quite sincere to me. When I look at her work, I can see, whatever she does, she does it meticulously and knows what she is doing. Of course I want to congratulate her on the occasion of the 25th anniversary of her being a beauty expert.

Hanif Sangket
Acclaimed anchor and producer

## "Naahin is an inspiration for girls of every profession"
Subarna Mustafa

## "নাহিন সব পেশার মেয়েদের অনুপ্রেরণা"
সুবর্ণা মুস্তাফা

When Naahin started her career as a beautician she was a very young girl. But her devotion towards work and conscientiousness helped her to make her mark in a very short time. She made her mark so well that even after 25 years her position is really strong. Naahin is an inspiration for girls of every profession. I wish her good health and continuous success in her profession.

Subarna Mustafa
Actress

নাহিন যখন এই পেশায় নিজেকে যুক্ত করে, তখন সে নিতান্তই বাচ্চা একটি মেয়ে। কিন্তু কাজের প্রতি তার নিষ্ঠা, একাগ্রতা খুব অল্প সময়ে তাকে প্রতিষ্ঠা এনে দিয়েছে। সেই প্রতিষ্ঠা এতটাই মজবুত যে ২৫ বছর পরও তার অবস্থান সুদৃঢ়। নাহিন সব পেশার মেয়েদের অনুপ্রেরণা। আমি তার সুস্বাস্থ্য এবং তার পেশায় আরো উন্নতি কামনা করি।

সুবর্ণা মুস্তাফা
নাট্যব্যক্তিত্ব



"এদেশে রূপচর্চার আধুনিকতার ক্ষেত্রে সে পথিকৃত"
আজিজুল হাকিম

"She is an icon in the country's modern make-up industry"
Ajijul Hakim

নাহিনকে আমি পেয়েছি একজন সহশিল্পী হিসেবে। অভিনেত্রী হিসেবে। আমার সঙ্গে সে বেশ কয়েকটি নাটকে অভিনয় করেছিল। সেটা অনেক বছর আগের কথা। সে হয়তো নিজেকে একজন অভিনয়শিল্পী হিসেবে দেখতে চেয়েছিল, এ কারণেই অভিনয় করেছিল। সেসময় মেয়েদের মধ্যে রূপ সচেতনতা আজকের মতো এতটা ছিল না বলে হয়তো তার রূপচর্চা নিয়ে পড়াশোনা করা এবং এটা নিয়ে এগিয়ে যাওয়ার ইচ্ছে হয়েছিল। এ কারণেই সে বাইরে থেকে পড়াশোনা করে এখানে এসে দক্ষ বিউটিশিয়ান হিসেবে নিজেকে মনোনিবেশ করিয়েছে। আজ থেকে ২৫ বছর আগে যে যাত্রাটা শুরু করেছিল নাহিন, সেদিক থেকে আমি বলবো এদেশে রূপচর্চার আধুনিকতার ক্ষেত্রে সে পথিকৃত। সে তার জ্ঞান ও প্রাতিষ্ঠানিক শিক্ষা দিয়ে রূপচর্চার যেসব প্রোডাক্ট নিয়ে এসেছে সেগুলো দিয়ে নতুন প্রজন্ম অনেক সচেতন হয়েছে। আজ নতুন প্রজন্মের অনেকেই তার কাছ থেকে অনুপ্রেরণা নিয়ে দক্ষ বিউটিশিয়ান হিসেবে আত্মপ্রকাশ করছে। আমি তার সাফল্য কামনা করছি।



আজিজুল হাকিম
নাট্যব্যক্তিত্ব

I worked as a colleague of Naahin, as an actress. She acted in a lot of dramas with me. That was a long time ago. Maybe, she wanted to be an actress, that's why she acted in the dramas. At that time, women were not that beauty conscious as today, so I think she wanted to study further on this, and wanted to pursue this. That's why after studying abroad, she concentrated on being a beauty expert here. She started the journey 25 years ago and I think, in that context, she is an icon in the country's modern make-up industry. The new generation became very conscious with the help of the new products that she brought here through her knowledge and institutional education. Many from the new generation were inspired by her and started their career as a beauty expert. I wish her all the success.

Ajijul Hakim
Actor

## "I was personally benefited"
Parvin Sultana Diti

## "আলাদাভাবে উপকার পেয়েছি"
পারভিন সুলতানা দিতি

Naahin is one of the top beauticians. There's no lack of sincerity in her work. She does the make-up job attentively. Especially, I would say, the way Naahin established her career as she was benefited from her involvement in the media world, we got benefited from her personally as she was Tarin's sister. I congratulate Naahin in this occasion of the 25 year anniversary of her career. I hope she continues forward steadily.

Parvin Sultana Diti
Film actress

শীর্ষস্থানীয় বিউটিশিয়ানদের মধ্যে নাহিন অন্যতম। ওর কাজে আন্তরিকতার কোনো কমতি নাই। রূপচর্চার কাজটি সে মন দিয়ে করে। বিশেষ করে আমি বলবো, মিডিয়াতে জড়িত হওয়ার সুবাদে নাহিন যেভাবে ওর ক্যারিয়ারকে দাঁড় করাতে পেরেছে, তেমনি আমরা যারা এই অঙ্গনে কাজ করি, তারাও তারিনের বোন হিসেবে নাহিনের কাছ থেকে আলাদাভাবে উপকার পেয়েছি।

আমি নাহিনের ক্যারিয়ারের ২৫ বছর পূর্তিতে শুভেচ্ছা জানাই। আশাকরি আগামীতেও নাহিন তার এগিয়ে যাবার ধারাবাহিকতা অব্যাহত রাখবে।



পারভিন সুলতানা দিতি
চলচ্চিত্র অভিনেত্রী

## “অসাধারণ একজন মানুষ”
তপন চৌধুরী

## “A wonderful person”
Tapan Chowdhury

নাহিন অসাধারণ একজন মানুষ। আমাদের পারিবারিক বন্ধু হলেও আমি মনে করি সে তার চেয়েও বেশিকিছু। এতো ভালো একজন মানুষ যে চিন্তাই করা যায় না। আমরা সবাই তাকে ভীষণ পছন্দ করি। আমার ছেলে তো তাকে নাহিনমা' বলে ডাকে। কাজের ব্যাপারে সে ভীষণ সিরিয়াস। অন্য অনেক প্রফেশনে সে ইচ্ছে করলেই ভালো অবস্থানে যেতে পারতো। কিন্তু সবকিছু ছেড়ে, বাদ দিয়ে বিউটিফিকেশনই নিজেকে আত্মনিয়োগ করেছে। তার একাগ্রতা, নিষ্ঠাই তাকে আজকে এই অবস্থানে নিয়ে এসেছে। এখানে সে খুবই সফল।



তপন চৌধুরী
সঙ্গীতব্যক্তিত্ব

Naahin is a wonderful person. She is our family friend but I consider her to be something more than that. It's really hard to imagine how good a person she is. We all like her very much. My son calls her “Naahin ma”. She is very serious about work. She could have shined in any other profession she chose. But she dedicated herself as a beautician leaving everything else. Her single-mindedness and devotion has brought her to the position where she is now today. She has become very successful in this field.

Tapan Chowdhury
Singer

"The more she will work,
the more our country will be benefited"
Samina Chowdhury

"যত বেশি কাজ করবে– তত বেশি দেশেরই লাভ"
সামিনা চৌধুরী

I haven't worked that much with Naahin. Whatever the extent of work was, I can say, she thinks a lot. It's just like how we singers think about a song. A bit of craft here and there, where would this note fit? What is the character of the song? Should I be smiling or be melancholy? I've seen the same thing with Nahin – she doesn't only think about mere make-up. She thinks and performs her work beautifully. Her own sense of style, dress-up and get-up also looks so good to me. She is very humble and gentle. Her manners are very pleasant. She puts in a lot of effort into her work. I think she researches a lot before her works. She has been working for quite a long time – 25 years – and that experience is a great advantage. The more she gets experienced, the more she will work, the more our country will be benefited. I wish her every success.

Samina Chowdhury
Singer

নাহিনের সঙ্গে যদিও আমার অতটা কাজ হয়নি। যতটুকু হয়েছে তাতে বলতে পারি- ও বেশ ভাবে। আমরা যেমন একটা গান নিয়ে ভাবি। এখানে একটু কাজ দিলে ভালো লাগবে, নাকি ওখানে? গানের ক্যারেক্টারটা কী? হেসে গাবো না গম্ভীরভাবে গাইবো? একইভাবে নাহিনকেও দেখেছি- ও শুধু সাজগোজের বাইরের ব্যাপারটা নিয়েই ভাবে না। বেশ সুন্দর করে, চিন্তা করে কাজ করে। ওর সাজ, ওর নিজের ড্রেসআপ গেটআপও আমার কাছে খুব ভালো লাগে। ভীষণ বিনয়ী, ভদ্র। ওর কথাবার্তা সবই অত্যন্ত সুন্দর। অনেক বুঝে শুনে কাজটা করে। ওর কাজ দেখে মনে হয় এই বিষয়ে অনেক পড়াশোনা করে। একটানা ২৫ বছর ধরে সে কাজ করে যাচ্ছে– এই অভিজ্ঞতাটাই তো অনেক বড় ব্যাপার। ওর যত অভিজ্ঞতা বাড়বে, যত বেশি কাজ করতে পারবে– তত বেশি আমাদের দেশেরই লাভ হবে। ওর সর্বাঙ্গীন উন্নতি কামনা করি।



সামিনা চৌধুরী
সঙ্গীতব্যক্তিত্ব

"Modern makeover has been introduced by Naahin"
Munira Yusuf Memi

"Congrats to Naahin"
Farzana Shakil

According to me the glamorous make-up or the modern make-over has been introduced by Naahin. She has been a great beauty expert and i am sure that she will continue with her good work. I wish her all the best in life and in her career. May god bless you.



MUNIRA YUSUF MEMI
Actress

It is gratifying to learn that Naahin is bringing out a book. She is our pride in this profession and no doubt the book will do justice to her creativity and sense of beauty.



FARZANA SHAKIL
Beauty Expert

## "Naahin herself is an institute"
Sanaul Arefin


## "নাহিন নিজেই একটা ইনস্টিটিউট"
সানাউল আরেফীন

Naahin herself is an institute. She is such kind of girl who considers every detail before performing any work. It's not that she only fixes hairs or fixes eyes as a make-up artist. Whenever she does something she takes care of the whole thing. She takes every detail into account starting from dress-up. In her presence the whole work is done very neatly and superbly. She is a very good girl. I admire her very much.

Sanaul Arefin
Managing partner, Matra

নাহিন নিজেই একটা ইনস্টিটিউট। ও এমন একটা মেয়ে, যেখানে যে কাজটি করে সার্বিক বিষয়গুলো নজরে নিয়ে আমলে নিয়ে করে। মেকআপ আর্টিস্ট হিসেবে ও যে শুধু চুল ঠিক করে, চোখ ঠিক করে– এমন নয়। ও যখন যেটা করে পুরো বিষয়টাই করে। ড্রেসআপ থেকে শুরু করে সবকিছুই ও খেয়াল করে। ওর উপস্থিতিতেই পুরো কাজটি সুন্দরভাবে সুচারুভাবে হয়। ভীষণ ভালো একটা মেয়ে। আমি ওকে ভীষণভালোবাসি।

সানাউল আরেফীন
ম্যানেজিং পার্টনার, মাত্রা



"এরকম মানুষের সাহচর্যে থাকা অবশ্যই বড় একটা ব্যাপার"
বিপাশা হায়াত

"It's a great feeling to be in touch with such a person"
Bipasha Hayat

নাহিন আপা এমন একটা মানুষ যে তাকে ভালো না বেসে কোনো উপায় নেই। প্রথম যেদিন তার সঙ্গে আমার পরিচয় হয়েছে, সেদিন মনে হয়নি তার সঙ্গে আমার প্রথম পরিচয়। বরং তার ব্যবহার, আচরণ, সামাজিক মূল্যবোধ- এসব কিছুর জন্যেই আসলে তার প্রতি আমার ভালোবাসা এবং এ শ্রদ্ধাবোধ জন্মেছে। এখন হয়তো প্রতিদিন তার সঙ্গে আমার কথা হয় না, কিন্তু যখন দেখা হয় তখনই ওই আন্তরিকতা বা উষ্ণতা'টা আমি অনুভব করি। সত্যি কথা বলতে কী, আমার কোনো বড় বোন নেই, নাহিন আপার সঙ্গে যখন আমার কথা হয়, এমনভাবে দু'জনের কথা শেয়ার করি, অনেকটা যেন বড় বোন- ছোটবোনের মতোই। আমি মনে করি, এরকম মানুষের কানেকশনে থাকা, সাহচর্যে থাকা অবশ্যই বড় একটা ব্যাপার। নাহিন আপা'র কাজের ২৫ বছর পূর্ণ হয়েছে। এটাই বলে দেয়- তার কাজে তিনি কতটা সফল। সৎভাবে, নিষ্ঠার সঙ্গে কাজ করছেন বলেই এতদিন ধরে সফলতার সঙ্গে নিজেকে এ পেশায় ধরে রেখেছেন। প্রতিযোগিতার এই যুগে ২৫ বছর ধরে একই পেশায় কাজ করে এই অবস্থানে আসা বিশাল একটি ব্যাপার। তবে নাহিন আপা আগে নাটকে আমাদের সঙ্গে কাজ করতেন, সেই সময়টা অন্যরকম ছিল। আমরা সবাই পরিবারের সদস্যদের মতো কাজ করতাম। এখন বোধহয় বিষয়গুলো সেরকম নেই। তারপরও নাহিন আপা যদি নাটকে কাজ করেন তাহলে আমাদের জন্যে খুবই ভালো হবে।



বিপাশা হায়াত
নাট্যব্যক্তিত্ব

Naahin apu is such a person that you have to say she is amazing. The day I first met her I didn't even feel like I'm meeting her for the first time. I started loving and respecting her because of her manners and social values. Maybe we don't talk everyday, but whenever I meet her I always feel the same cordiality and warmth from her. So to speak, I don't have a big sister, and whenever I talk with Naahin apu, share our feelings, I feel like we are sisters. It's a great feeling to be in touch with such a person. Naahin apu has completed 25 years in her career. Only this goes to show that how successful she is in her endeavour. She has been able to keep going successfully in this career only because of her honesty and dedication. In this age of competition, it's a huge achievement to work for 25 years and come this far. But, Naahin apu used work with us in dramas. That was a wonderful time. We all worked as if we were family members. Now things are not like that. It would be so great for us if Nahin apu starts working in the dramas.

Bipasha Hayat
Actress

## "My best wishes"
Toukir Ahmed

## "অনেক অনেক শুভকামনা"
তৌকীর আহমেদ

I congratulate Naahin on the occasion of her completing 25 years as a beautician. May her life shines just like her 25-year career has shone. My best wishes for her.

Toukir Ahmed
Actor

বিউটিশিয়ান হিসেবে নাহিনের ২৫ বছর পূর্তিতে তাকে অভিনন্দন ও শুভেচ্ছা। তার জীবন উজ্জ্বল হোক যেমন করে উজ্জ্বল হয়েছে তার কর্মজীবনের ২৫ বছর। তার জন্য আমার অনেক অনেক শুভকামনা রইলো।



তৌকীর আহমেদ
নাট্যব্যক্তিত্ব

## "অনেক বড় মাপের বিউটিশিয়ান"
তমালিকা কর্মকার

## Beautician of the highest calibre"
Tomalika Kormokar

নাহিন আপা অনেক বড় মাপের বিউটিশিয়ান। মেকআপ, গেটআপ অসম্ভব ভালো বোঝেন। আমার সিনিয়র হলেও তার সঙ্গে আমার সম্পর্ক বন্ধুসুলভ। সবচেয়ে বড় কথা হচ্ছে– সি ইজ এ ভেরি ভেরি ভেরি গুড হিউম্যান বিইং। অসম্ভব ভালো মনের একটা মানুষ। এটা সবার মধ্যে থাকে না। সবার সঙ্গেই চমৎকার একটা আচরণ তার। আমি মনে করি, বাংলাদেশে মেকআপে আধুনিকতা বা নতুনত্ব নাহিন আপাই নিয়ে আসেন। আমি আশা করছি দেশ থেকে দেশের বাইরে তার সুনাম ছড়িয়ে পড়বে। তাকে অনেক অনেক অভিনন্দন।



**তমালিকা কর্মকার**
**নাট্যঅভিনেত্রী**

Naahin apu is a beautician of the highest calibre. She understands the whole thing of make-up and get-up very well. Although she is my senior, our relationship is very friendly. The most important thing is – she is a very, very, very good human being. It's really rare. She is so well-mannered with everyone. I think, Naahin apu is the one who brought the modern concept of make-up in Bangladesh. I wish she becomes renowned in home and in abroad. Many congratulations to her.

Tomalika Kormokar
Actress

## "Naahin showed what the difference between a make-up man and beautician is"
Zahid Hossain

## "মেকআপম্যান ও বিউটিশিয়ানের মধ্যে পার্থক্যটা বুঝিয়েছে নাহিন"
জাহিদ হাসান

I know Naahin for many years. She is a very good human being. She is my good friend and a little sister. Sometimes like a guardian. There were many times when she guided me, gave me good advices and showed me the way. We only knew make-up man is one who does beautification as Naahin started working. We thought make-up man applies a puff pancake and that's it! But Nahin made us understand what the difference between a make-up man and a beautician is. She takes care of the total care of the total aspect of the beauty of a model or performer. Sometimes she did my make-up too. I observed the same sincerity and dedication (while she worked with me) that she showed when she worked with Afzal bhai, Bulu bhai, Saber bhai and Tarek Anam bhai. Sometimes models came to me and asked what to do. I said go to Naahin. She knows everything. Naahin fixes model's jewellery, accessories, make-up and get-up – everything. As a director I had to be less worried as she always took care of her job during shooting.
I wish her a happy, beautiful, happy and long life.

Zahid Hossain
Actor and producer

নাহিনকে আমি চিনি অনেক বছর থেকে। সি ইজ এ ভেরি গুড হিউম্যান বিইং। সে আমার ভালো বন্ধু ও ছোট বোনের মতো। কখনও কখনও অভিভাবকের মতোও। অনেক সময় সে আমাকে গাইড করেছে, আন্তরিকভাবে পরামর্শ কিংবা উপদেশ দিয়েছে।
নাহিন যখন এই মিডিয়াতে কাজ শুরু করেছে তখন আমরা সাজ বলতে মেকআপম্যানকেই বুঝতাম। মেকআপম্যান একটু পাফ প্যানকেক লাগিয়ে দিল। ব্যস! কিন্তু নাহিন মেকআপম্যান ও বিউটিশিয়ানের মধ্যে পার্থক্যটা বুঝিয়েছে। সে একজন মডেল কিংবা পারফরমারের টোটাল সৌন্দর্যের দিকে নজর রেখেছে। অনেক সময় শুটিংয়ে আমাকেও মেকআপ দিয়ে দিয়েছে। আফজাল ভাই, বুলু ভাই, সাবের ভাই, তারেক আনাম ভাইয়ের সঙ্গে শুটিংয়ে কাজ করার সময় তাকে যেমন দেখেছি আমার নিজের বিজ্ঞাপনের কাজেও তার একইরকম নিষ্ঠা দেখেছি। মডেল আমার কাছে জানতে চেয়েছে- সে কী করবে। আমি বলেছি, নাহিনের কাছে যাও। She knows everything. মডেলের জুয়েলারি, এক্সেসরিজ, মেকআপ, গেটআপ সব নাহিন ঠিক করে দেয়। ডিরেক্টর হিসেবে আমি নিশ্চিন্ত থাকি। শুটিংয়ে সে আমাদের সবার টেককেয়ার করে।
আমি তার সুখী, সুন্দর জীবন ও দীর্ঘায়ু কামনা করি।



জাহিদ হাসান
অভিনেতা ও নির্মাতা

"এমন কর্মঠ এবং বিনয়ীরাই সবসময় এগিয়ে যায়"
সাইদুল আনাম টুটুল

"Diligent and humble person like her always stride forward"
Saidul Anam Tutul

এখন বিজ্ঞাপন না বানালেও একটা সময় আমি নাটকের চেয়ে বেশিরভাগ সময়ই বিজ্ঞাপনের কাজ নিয়ে থাকতাম। সেইসময় আমার বিজ্ঞাপনের মডেলদের সাজসজ্জার দিকটা দেখতো নাহিন। কখনো হিসেব করে দেখিনি ও আমার সাথে কয়টি কাজ করেছে। তবে নাটকসহ আনুমানিক ৫০-৬০টি কাজ করেছে সে আমার সাথে।

ওইসময় আমি নাহিনের ওপরই অনেক বেশি নির্ভরশীল ছিলাম। নাহিন আমার ইউনিটে থাকা মানেই ছিল আমার নিশ্চিন্তে থাকা। কারণ সে মডেলদের শুধু মেকআপটাই দেখতো না, সেই সাথে হেয়ার স্টাইলসহ পুরো গেটআপই সামাল দিত। কাজেতো বটেই ব্যবহারেও নাহিন অনেক বিনয়ী। এমন কর্মঠ এবং বিনয়ীরাইতো সবসময় এগিয়ে যায়। নাহিনও এগিয়ে যাচ্ছে।

Although I don't make ads now-a-days but there was a time when I used to be involved in making advertisements more than dramas. At that time, Naahin used to look after the make-up of the models of my ads. I haven't really ever calculated how many times she worked with me. But, including dramas, she worked with me at least in 50-60 projects.

At that time, I was very reliant on Naahin. If Naahin was there in my unit I could relax. Because she not only took care of the make-up, she also used look after the model's hair styles and the whole get-up. She is a fantastic person to work with and she is also so well mannered. Diligent and humble persons like her always stride forward. And she is striding forward too.



সাইদুল আনাম টুটুল
নাট্যনির্মাতা

Saidul Anam Tutul
Producer

## "The concept of beautician was established by her"
Tropa Mojumder

## "বিউটিশিয়ান কনসেপ্ট প্রতিষ্ঠা পায় তার মাধ্যমে"
ত্রপা মজুমদার

So to speak, the concept of beautician was primarily established by Naahin apu in our country. When I started to work, I saw her starting her work too and she was all around. She was really brave about her career. Not only that, she is also very confident. When Naahin apu started working, she knew what she was going to do, and what she was doing. There's no shortage of sincerity in her work. She can make friends so easily. It's one of her special qualities.

I wish her all well. Naahin apu is striding forward with youth and vigour. In this occasion of the 25th anniversary of her career, I wish that the youth and vigour that kept her going all these years will always be her companion in her life.

Tropa Mozumder
Actress

আসলে সত্যি কথা বলতে কী, আমাদের দেশে বিউটিশিয়ান কনসেপ্ট প্রতিষ্ঠা পায় মূলত নাহিন আপার মাধ্যমে। আমরা যখন কাজ শুরু করি, তখন আমাদের চারপাশে তাকেই দেখেছি। তিনি তার কাজের ক্ষেত্রে সাহসী ছিলেন। শুধু তাই নয়, তিনি অনেক বেশি কনফিডেন্টও। নাহিন আপা যখন কাজ করেন, তখন ভালো করেই জানেন তিনি কী করতে যাচ্ছেন, কী করছেন। তার কাজে আন্তরিকতার কোনো কমতি থাকে না। তিনি সহজে বন্ধু করে নিতে পারেন যে কাউকে। এটাও তার বিশেষ একটা গুণ।

আমি তার সর্বাঙ্গীন মঙ্গল কামনা করি। যে তারুণ্য নিয়ে নাহিন আপা সামনে এগিয়ে চলেছেন, এই তারুণ্যবোধ সবসময়ই তার সঙ্গী হিসেবে থাকুক
তার ক্যারিয়ারে ২৫ বছর পূর্তিতে এটাই আমার প্রত্যাশা।



ত্রপা মজুমদার
নাট্যঅভিনেত্রী

## "অনেক জনপ্রিয় নির্মাতাই নাহিনের ওপর নির্ভর ছিলেন"
মাহফুজ আহমেদ

## "Many popular directors were dependent on Naahin"
Mahfuz Ahmed

সমাজের অন্য আট-দশজন নারীর তুলনায় নাহিন নিজ উদ্যোগে আজ যে পর্যায়ে এসেছে, সত্যি তা আকর্ষণ করার মতো। নাহিন হলেন আমাদের প্যাকেজ নাটকের শুরুর দিককার মেকআপ আর্টিস্ট। স্পেশাল কোনো নাটক, টেলিছবি হলে তাকে নেয়া হতো। একটা সময় শিল্পীদের মেকআপের বিষয়ে আমাদের অনেক জনপ্রিয় নির্মাতাই নাহিনের ওপর নির্ভর ছিলেন। আর অসম্ভব সুন্দর করে তিনি নিজেও ক্যামেরার সামনের মানুষদের সাজাতেন। সেই কারণেই তার সঙ্গে আমার ভালো যোগাযোগ আছে। নাহিন নিজেও ভীষণ কোঅপারেটিভ।

একজন অসাধারণ মানুষ।

তার ক্যারিয়ারের ২৫ বছরে আমি তার দীর্ঘজীবন কামনা করি।



**মাহফুজ আহমেদ**
**অভিনেতা ও নির্মাতা**

It's really fascinating how Naahin has come so far on her own initiative unlike the traditional women in the society. Naahin was the make-up artist of the package dramas of the beginning. She was always hired if there was any special dramas or tele-films. There was a time when many popular directors were dependent on Naahin for their artists' make-up. She wonderfully performed the make-up of the artists to be presented in front of a camera. And, I still have contact with her. Naahin is very co-operative too. She is a fantastic person. I wish her long life on the occasion of the 25th anniversary of her career.

Mahfuz Ahmed
Actor and producer

## "Naahin considered others' problems as her own and solved them"
Sadia Islam Mou

## "অন্যের সমস্যাকে নিজের ভেবে সমাধান করা নাহিনের একটি বড় গুণ"
সাদিয়া ইসলাম মৌ

Although I first met Naahin while working, we built up a very good friendship outside work very quickly. We have worked as a team for four to five years since 1992. It goes without saying that Naahin is excellent at her work. Her expertise, dedication and meticulousness is an striking example to follow for any person. But I'm a fan of Naahin as a person more. She can cook very well. If she invites someone, she does everything by herself starting from the grocery shopping. She can treat people so nicely. She also makes friends with people so easily. Another quality of Naahin is she can consider other's problem as her own and solve them.
The relationship that I have with her is like a friend, but sometimes that transcends to a sister. I wish her success and well-being.

Sadia Islam Mou
Model and dancer

যদিও কাজের ক্ষেত্রেই নাহিনের সঙ্গে আমার পরিচয় বা প্রথম আলাপ, কিন্তু কাজের বাইরে আমাদের বন্ধুত্ব হয়ে যায় খুব তাড়াতাড়ি। একটা টিম হিসেবে ১৯৯২ থেকে টানা প্রায় চার-পাঁচ বছর একসঙ্গে আমরা কাজ করেছি। কর্মক্ষেত্রে নাহিন যে অসাধারণ তা আর নতুন করে বলার কিছু নেই। ওর দক্ষতা, কাজের প্রতি নিষ্ঠা, ছোট ছোট বিষয়ের প্রতি নজর রাখা- যে কারো জন্য অনুকরণীয়। তবে আমি ব্যক্তি নাহিনের অনেক বেশি ভক্ত। অসম্ভব ভালো রান্নার হাত ওর। কাউকে নিমন্ত্রণ করলে বাজার করা থেকে শুরু করে প্রতিটি জিনিসই ওর নিজের হাতে করা চাই। খুব সুন্দর করে মানুষকে আপ্যায়ন করতে পারে ও। খুব সহজেই মানুষকে আপন করে নেয়। অন্যের সমস্যাকে নিজের ভেবে সমাধান করা নাহিনের আরো একটি বড় গুণ।
আমার সঙ্গে ওর সম্পর্ক বন্ধুত্বের তো বটেই অনেক ক্ষেত্রে বোনের মতো। জীবনের সবক্ষেত্রে ওর সাফল্য ও মঙ্গল কামনা করি।



**সাদিয়া ইসলাম মৌ**
**মডেল ও নৃত্যশিল্পী**

"তার মতো আর্টিস্ট শুটিং স্পটে বড় প্রয়োজন"
নোবেল

"We badly need artists like her on the shooting spot"
Nobel

মডেলিংয়ের শুরুতেই নাহিনকে আমি আর মৌ পেয়েছিলাম। সেট-লোকেশানে একজন মেকআপ আর্টিস্ট হিসেবে নাহিন ভীষণ কো-অপারেটিভ। পরে পারলার দিয়ে এই ক্ষেত্রটা থেকে সে নিজেকে সরিয়ে নেয়। আমি নিজেও এখন কাজ খুব কম করছি। তবুও কোনো বিজ্ঞাপনে কাজ করতে গেলে তার অনুপস্থিতিটা ঠিকই টের পাই। তার মতো আর্টিস্ট শুটিং স্পটে বড় প্রয়োজন।

নাহিনের ক্যারিয়ার আরো বর্ণিল হোক। তার প্রতি আমার শুভেচ্ছা রইলো।

In the start of our modelling career Mou and I got Naahin. Naahin is very co-operative on the set location as a make-up artist. Later she took her away from the drama and modelling make-up by setting up her own parlour. I'm not doing that much of work myself now-a-days. Still, I can feel her absence whenever I am on any project. We badly need artists like her on the shooting spot.

I hope her career will get more flourished. My best wishes for her.



**নোবেল**
**মডেল ও অভিনেতা**

Nobel
Model and actor

## "We couldn't do without Naahin"
Tania Ahmed

## "আমাদের যেন নাহিন ছাড়া চলতোই না"
তানিয়া আহমেদ

Naahin is a very good friend of mine. I had the opportunity to work with her since the start of my career. When we started working, having a smart and educated make-up artist like Naahin on the spot was like a blessing because there was no one like her at that time. In a word, Naahin is one of the persons in the media who transformed the make-up into an art form. There was a time, when Shomi, Mou and I went on to do some modelling we always wanted to know the name of the make-up artist. When we knew Naahin will be there, we became really happy. We couldn't do without Naahin! I hope Naahin will take this art form further. Best wishes from me on this occasion of the 25th anniversary of her career.

Tania Ahmed
Model, actress and anchor

নাহিন আমার একজন ভালো বন্ধু। আমার ক্যারিয়ারের শুরু থেকেই ওকে আমি পেয়েছি। আমরা যখন কাজ শুরু করি, তখন স্পটে নাহিনের মতো স্মার্ট-শিক্ষিত মেকাপআর্টিস্ট ছিল সত্যি আশীর্বাদ স্বরূপ। কারণ রূপে-গুণে সেই সময় ওর মতো কেউই ছিল না। এক কথায় বলতে গেলে, আমাদের মিডিয়ার যে কয়জন মানুষ মেকাপটাকে শিল্পে রূপ দিয়েছে, তাদের মধ্যে নাহিন অন্যতম। একটা সময় এমনও ছিল আমি, শমী, মৌ যখন কোনো মডেলিংয়ে কাজ করতে যেতাম, তখন ডিরেক্টরের কাছে জানতে চাইতাম মেকাপ আর্টিস্টের নামটিও। যখনই জানতাম নাহিনও থাকছে, তখন নিজেরাও খুশি হতাম। আমাদের যেন নাহিন ছাড়া চলতোই না!
এই শিল্পটাকে নিয়ে নাহিন আরো অনেক দূরে যাক, এই কামনাই করছি। ওর ক্যারিয়ারের ২৫ বছর পূর্তিতে আমার পক্ষ থেকে রইলো অনেক অনেক শুভেচ্ছা।



**তানিয়া আহমেদ**
**মডেল, অভিনেত্রী ও উপস্থাপিকা**

## "আমার বিয়ের শপিংয়ের দায়িত্ব নিয়েছিলেন"
জয়া আহসান

## "She took the responsibility of my wedding shopping"
Joya Ahsan

মিডিয়াতে কাজ শুরু করার আগে থেকেই নাহিন আপার নামের সঙ্গে আমি পরিচিত। পরে মিডিয়াতে কাজ শুরুর সুবাদে পরিচয় হয়। তিনি আমাকে অনেক নাটকেই সাজিয়েছেন। সবচেয়ে মজার ব্যাপার হলো– নাহিন আপা আমার আর ফয়সালের বিয়ের শপিংয়ের দায়িত্ব নিয়েছিলেন। এই তথ্যটি অনেকেরই জানা ছিল না। তার সঙ্গে আমার বরাবরই ভাল একটা সম্পর্ক আছে। হয়তো এখন ব্যস্ততার কারণে ঠিক সেভাবে যোগাযোগ হয় না। তবে তাকে সবসময় মিস করি। তিনি আমার অন্তরে ছিলেন, আছেন এবং থাকবেন। তার ক্যারিয়ারের ২৫ বছর পূর্তিতে আমার পক্ষ থেকে রইলো অনেক অনেক শুভেচ্ছা।



**জয়া আহসান**
**মডেল ও অভিনেত্রী**

I was familiar with Naahin apu's name even before I started working in the media. I met her personally after I started working in the media. She did the make-up for me for many dramas. Interesting thing is, Naahin apu took the responsibility of the wedding shopping of Faisal and me. Few people knew about this. I always had a good relationship with her. Maybe the contact is low now-a-days because of busy schedules. But I always miss her. She was in my heart, is and will stay there always. My best wishes for her on the occasion of the 25 year anniversary of her career.

Joya Ahsan
Model and actress

## "Let her outstanding works continue"
Riaz

## "অসাধারণ কাজের ধারা যেন অব্যাহত থাকে"
রিয়াজ

My best wishes to Naahin apu. I am happy to know that she completed 25 years in her career. I'm very delighted. Naahin apu is much more beautiful than the persons she does the make-up for. I hope she stays this beautiful the next 25 years. Let her outstanding works continue. I have a wife, and I hope she will just touch her with her own hand when I send my wife to her. One time Naahin apu fixed my hair settings, it was really impressive. She is a person of a very beautiful and tidy mind.

Riaz
Actor and model

নাহিন আপাকে অনেক শুভেচ্ছা। তার কাজের ২৫ বছর পূর্ণ হচ্ছে- এটা জেনে খুবই ভালো লাগছে। অত্যন্ত আনন্দিত আমি। যাদেরকে নাহিন আপু মেকআপ করেন তাদের চেয়ে অনেক অনেক সুন্দর তিনি নিজেই। আগামী ২৫ বছরও যেন এরকমই সুন্দর দেখায় তাকে। তার অসাধারণ কাজের ধারা যেন অব্যাহত থাকে। আমার একটাই বউ। এই বউটাকে মাঝে মাঝে তার কাছে পাঠালে তিনি যেন একটু হাত দিয়ে ছুঁয়ে দেন- এটাই প্রত্যাশা। নাহিন আপু একবার আমার চুলের সেটিং করিয়েছিলেন- সেটা অসম্ভব সুন্দর হয়েছিল। তিনি অসম্ভব সুন্দর ও গোছালো মনের একজন মানুষ।



রিয়াজ
অভিনেতা ও মডেল

"কাজের প্রতি ডেডিকেশন দেখে আমি মুগ্ধ"
ফেরদৌস

"I'm amazed to see the dedication of her toward work"
Ferdous

নাহিন আপার সঙ্গে আমার সেভাবে কাজ করা হয়নি। যতটুকু হয়েছে বা কাছ থেকে দেখেছি, তাতে কাজের প্রতি তার ডেডিকেশন দেখে আমি মুগ্ধ। বিউটিফিকেশনে তার সেন্সটাও খুব চমৎকার। সবকিছুই নিখুঁতভাবে করে। আমাদের মধ্যে পারিবারিকভাবেও জানাশোনা বন্ধুত্ব আছে। তার সুন্দর ব্যবহারও আমাকে বেশ টানে। মনে হয় খুব কাছের একজন মানুষ। তার এই আন্তরিকতায় আমি সবসময় মুগ্ধ থাকি। আজকের এই শুভ সময়ে তার আরো আরো সাফল্য ও সুন্দর জীবন কামনা করি।



ফেরদৌস
অভিনেতা

I haven't done that much work with Naahin apu. However much we worked or as far as I have seen her, I'm amazed to see her dedication toward work. We also have a family friendship. Her nice manners also impress me. It feels like she is very close to mine. I'm always amazed by the sincerity of her. In this auspicious moment I wish her success and a beautiful life.

Ferdous
Actor

"There is nothing more to say about her dedication, sincerity and diligence"
Arif Khan

"তার নিষ্ঠা, আন্তরিকতা, পরিশ্রম নিয়ে নতুন করে কিছু বলার নেই"
আরিফ খান

I don't how would I evaluate Naahin. Firstly, she is a very good friend. The friendship was initiated while we worked together. If you work together for a long period friendship comes naturally. But if the scope of work dries out, distance is created. There was a time when we used to see each other, and we talked almost every day because we worked together. We had so many nice conversations. It was 10 or 12 years ago. Now we are not involved in works together that much. Only a few days ago, we did a work together in Singapore. It was Sabina Yasmin's solo musical programme. There is nothing more to say about Naahin's dedication, sincerity and diligence. No one will raise any questions about it. I am hundred percent sure about it. Moreover, I believe, there would also be no question regarding her sincerity, faithfulness and honesty as a friend. Alhtough, we are not working together that much or not meeting tht much, yet I haven't seen any lack of friendliness from her. I sincerely wish Naahin a good health and beautiful life.

Arif Khan
Journalist and producer

নাহিনকে কীভাবে মূল্যায়ন করবো ঠিক বুঝতে পারছি না। প্রথমত সে আমার খুব ভালো বন্ধু। বন্ধুত্ব বা পরিচয়- সেটা কাজের সূত্রেই। একসঙ্গে দীর্ঘসময় কাজ করতে গেলে আন্ডারস্ট্যান্ডিংটা ভালো হলে বন্ধুত্ব এমনিতেই হয়ে যায়। আবার কাজের ক্ষেত্রটা কমে গেলে একটা দূরত্ব তৈরি হয়ে যায় অনেকসময়। একটা সময় কাজের সূত্রেই প্রায় প্রতিদিনই নাহিনের সঙ্গে দেখা হত, কথা হত। নানারকম আড্ডা হত। সেটা প্রায় ১০/১২ বছর আগের কথা। এখন একসঙ্গে তেমন কাজ হয় না। শুধু কিছুদিন আগে আমরা সিঙ্গাপুরে একসঙ্গে কাজ করে এলাম। সাবিনা ইয়াসমিনের একটি একক সঙ্গীতানুষ্ঠান ছিল সেটা। কাজের প্রতি নাহিনের নিষ্ঠা, আন্তরিকতা, পরিশ্রম নিয়ে নতুন করে কিছু বলার নেই। এটা নিয়ে কেউ কখনো কোনো প্রশ্ন তুলবে না। এ ব্যাপারে আমি ১০০ ভাগ নিশ্চিত। ঠিক তেমনি বন্ধু হিসেবেও তার আন্তরিকতা, বিশ্বস্ততা আর সততা নিয়েও কারো প্রশ্ন নেই বলেই আমার বিশ্বাস। একসঙ্গে এখন কাজ করা না হলেও বা খুব একটা দেখা-সাক্ষাৎ না হলেও তার বন্ধুভাবাপন্ন মনটায় আমি কখনো ঘাটতি দেখিনি। আমি আন্তরিকভাবেই নাহিনের সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করি।




আরিফ খান
সাংবাদিক ও নির্মাতা

## "মেকআপ সেন্স অসাধারণ"
ইকবাল আহমেদ

## "Her make-up sense is splendid"
Iqbal Ahmed

নাহিনের সঙ্গে আমার পরিচয় পাঁচ-ছয় বছর আগে। সম্ভবত 'মিরর' পত্রিকার ফটোশুটের সময় তার সঙ্গে আমার পরিচয় হয়েছিল। নাহিন মেয়েদের সাজিয়ে দিয়েছিল আর আমি ছবি তুলেছিলাম। তার মেকআপ সেন্স অসাধারণ। একজন ফটোগ্রাফার হিসেবে সাজটা আমি যেরকমটি চেয়েছিলাম, ঠিক সেইরকমই হয়েছিল। এরপর আর তার সঙ্গে কাজ না করা হলেও এই গুণের কারণেই নাহিনকে আমার মনে থাকবে। আমি তার সাফল্য কামনা করি। নাহিন আরো অনেক দূরে যাক।



ইকবাল আহমেদ
**আলোকচিত্রী**

I met Naahin five to six years back. Maybe during the photo shoot of the Mirror newspaper. Naahin was in charge of the make-up of the models and I was taking the pictures. Her make-up sense is splendid. It was just what I wanted as a photographer. Although we haven't worked together since, I will always remember Naahin for that. I wish her success. I hope she goes further in her life.

Iqbal Ahmed
Photographer

## "I don't have the problem anymore"
Sadika Parvin Popi

## "আমার আর সেই সমস্যাটাও নেই"
সাদিকা পারভিন পপি

If you have money you can take service from anywhere. But I can say this much about Naahin apu, the care she provides during her service can't be bought with money. I was benefited tremendously from her. She looked at my problems closely by herself and took care of it. I am abiding by the advice she gave me back then. I don't have the problem anymore. I will always remember Naahin apu for that. I consider her as my elder sister. Her success also makes me happy.

Sadika Parvin Popi
Film actress

টাকা হলে যেখানে ইচ্ছা সেখান থেকেই সেবা নেয়া যায়। কিন্তু নাহিন আপা সম্পর্কে আমি এইটুকু বলবো তিনি যে যত্ন নিয়ে সেবা দিয়ে থাকেন, তা কখনো টাকার বিনিময়ে পাওয়া যাবে না। মুখের ত্বকের সমস্যার কারণে নাহিন আপার পারলারে আমার যেতে হয়েছিল। আমি দারুণ উপকার পেয়েছি তার কাছে গিয়ে। তিনি নিজে কাছে থেকে আমার সমস্যা দেখে তারপর সেবা দিয়েছিলেন। সেই সময় তিনি যে পরামর্শ দিয়েছিলেন, সেই অনুযায়ী আমি এখনো চলছি। আমার আর সেই সমস্যাটাও নেই। সেজন্য নাহিন আপাকে আমার সারাজীবন মনে থাকবে। আমি মনে করি, নাহিন আপা আমারও বড় বোন। তার সফলতা আমাকেও আনন্দিত করে।



সাদিকা পারভিন পপি
**চলচ্চিত্র অভিনেত্রী**

## "এখনো তার শিখিয়ে দেয়া স্টাইলেই শাড়ি পরি"
পূর্ণিমা

## "I still wear saree in the style she taught me"
Purnima

যখন নাহিন আপার সঙ্গে পরিচিত হয়েছিলাম, তখনো আমি চলচ্চিত্রে পূর্ণিমা হইনি। মাত্র টিভি বিজ্ঞাপনে কাজ শুরু করেছি। আমার যতদূর মনে পড়ে নাহিন আপার কাছে প্রথম আমি মেকআপ নিয়েছিলাম সাবের ভাইয়ের একটা বিজ্ঞাপনের শুটিংয়ে। সম্ভত সাভার স্মৃতিসৌধে শুটিংটা হয়েছিল। তার কাছে মেকআপ নিতে গিয়ে আমি দারুণ স্বাচ্ছন্দ্যবোধ করতাম। ভালো লাগতো তার কথাবার্তা, ব্যবহার এবং সাজেশন।

নাহিন আপার কাছে কেউ কিছু শিখেছে কিনা জানি না। তবে তার কাছে আমি একটা জিনিস শিখেছি। সেটা হলো শাড়ি পরা। আগে সুন্দর করে শাড়ি পরতে পারতাম না। তার কাছেই সুন্দর করে শাড়ি পরার বিষয়টি আয়ত্ব করেছি। এখনো তার শিখিয়ে দেয়া স্টাইলেই শাড়ি পরি।

নাহিন আপার জয় হোক। জয়তু নাহিন আপা।



**পূর্ণিমা**
**চলচ্চিত্র অভিনেত্রী**

When I met Naahin apu I hadn't become the Purnima in films. I just started working in TV advertisements. As far as I can remember, the first time I did make-up from Naahin apu was during one of Saber bhai's advertisement. Probably it was shot in the Savar memorial. I felt really comfortable taking make-up from her. I liked the way she talked; I liked her manners and suggestions.

I don't know if anyone has tried learning stuff from Naahin apu. But I have learnt one thing – how to wear a saree. I didn't know how to wear a saree perfectly. I have learnt from her how to wear a saree in just the right way. Now I wear saree just in the style she taught me. Bravo Naahin apu. Cheers.

Purnima
Film actress

## "Many from the young generation regard her as an idol"
Monir Khan Shimul

## "নতুন প্রজন্মের অনেকেই তাকে আদর্শ হিসেবে মানে"
মনির খান শিমুল

Naahin is one of my very good friends. Naahin has completed 25 years as a beautician. I have also completed almost 22 years as a model. I worked with her in the first bit of my career. We were like a team. Wherever we worked we enjoyed that. The work became very easy then. Whenever I needed something, she came forward with help. The thing is, Naahin was helpful with everyone in the unit. She took care of everyone. She is kind hearted person. I think many from the young generation regard her as an idol. Because the young generation can learn so many things from her and they are learning too. I want to see her complete 50 years of her career. I hope she goes a long way.

নাহিন আমার খুব ভালো একজন বন্ধু। বিউটিশিয়ান হিসেবে ওর যেমন ২৫ বছর হয়ে গেছে, আমারও প্রায় ২২ বছর হয়ে গেলো। আমার প্রথম দিককার কাজগুলোতে নাহিনকে সহকর্মী হিসেবে পেয়েছি। আমরা একটা টিমের মতো ছিলাম। যেখানেই কাজ করতাম এনজয় করতাম। কাজটা অনেক সহজ হয়ে যেত। আমার কোনো কিছু দরকার হলে ও এগিয়ে আসতো সাহায্য করতে। সবচে' বড় কথা নাহিন ইউনিটের সবার জন্যেই অনেক হেল্পফুল ছিল। সবার টেক কেয়ার করতো। অসম্ভব ভালো মনের একজন মানুষ। বিউটিশিয়ান হিসেবে বাংলাদেশে নতুন প্রজন্মের অনেকেই তাকে আদর্শ হিসেবে মানে বলে আমি মনে করি। কেননা ওর কাছ থেকে এই প্রজন্ম অনেক কিছু শিখতে পারে এবং শিখছে। আমি তার কর্মজীবনের ৫০ বছর দেখতে চাই। চাই আরও অনেক দূর এগিয়ে যাক।

Monir Khan Shimul
Model, actor and producer



মনির খান শিমুল
মডেল, অভিনেতা ও নির্মাতা

## “নিজস্বতার জন্যই নাহিন আপা অনেকের কাছে প্রিয়”

ফারজানা ব্রাউনিয়া

## "Naahin apu is beloved by many because of her individuality"

Farzana Brownia

পরিবর্তিত সময়ের সাথে অনেক বিউটিশিয়ান নিজস্ব লাইন থেকে সরে গেলেও নাহিন আপা সরে জাননি। তিনি এখনো নিজেকে ধরে রেখেছেন ঠিক আগের মতোই। এই নিজস্বতার জন্যই নাহিন আপা অনেকের কাছে প্রিয়। নাহিন আপাকে আমি চিনি ১৯৯৩ সাল থেকে। তখন মোহাম্মদপুরে তার বিউটিপারলার ছিল। তার সাথে পরিচয়ের সূত্রটা হলো আমার মামি শারমিন লাকী। তাকে ওই সময়ে যেরকম সুদর্শনা দেখেছিলাম, মাঝে মাঝে টিভির অনুষ্ঠানের সুবাদে নাহিন আপাকে এখনো ঠিক সেই রকমটি দেখছি। একসময় নাটকেও কাজ করেছেন তিনি। এখন কেন করছেন না জানি না। তবে ঠিক ওইভাবে নাহিন আপার সাথে দেখা-সাক্ষাৎ না হলেও তার সুদর্শনা চেহারার কারণেই আমি তাকে কখনো ভুলব না। কাজের বাইরেও তাকে আমি জানি একজন ভালো মানুষ হিসেবে। অন্যের রূপচর্চায় জীবনের ২৫ বছর কাটিয়ে দিয়েছেন। আগামীতেও তিনি এই ধারাবাহিকতা অব্যাহত রাখবেন বলে প্রত্যাশা করি। তার আগামীর পথচলা হোক আরো মসৃণ। আমার শুভ কামনা রইলো।



**ফারজানা ব্রাউনিয়া**
**উপস্থাপিকা ও নির্মাতা**

With the changing times many beauticians drifted away from their careers but Naahin apu didn't. She kept going just like before. She is beloved by many because of this individuality. I know Naahin apu since 1993. At that time she had her beauty parlour in Mohammadpur. I was introduced to her by my aunt Sharmin Lucky. Sometimes I see her while doing some TV shows, and she is still the same graceful woman that I saw the first time. Once she also worked in the dramas. I don't know why she is not working now in the dramas. Although I don't see her that much now, but I will always remember her beautiful face. Beside work, I also know her as a good person. She passed 25 years of her life by beautifying others. I wish she will continue to do so in the future. May her future endeavour become smooth. My best wishes for her.

Farzana Brownia
Presenter and producer

"I felt like my elder sister is present in the shooting"
Riya

"মনে হতো বড় বোন আছে শুটিংয়ে"
রিয়া

Naahin apu was the make-up artist for almost all the ads that I did at first. If I knew she was in the make-up I didn't even worry about my make-up, get-up or anything as Nahin apu took all the responsibilities of my make-up. There was an amazing teamwork. We had so much fun. She is very caring. She also looked after the meals during shooting. I felt like my elder sister is present in the shooting spot. She is a person very good-hearted person. I could share all my joy and sorrow with her. She gave me advice like an elder sister. I didn't have any destance with her. Maybe now I don't have her all the time. But I miss her all the time.

Riya
Model and dancer

আমার করা প্রথম দিকের বিজ্ঞাপনগুলোর প্রায় সবক'টিরই মেকআপ আর্টিস্ট ছিলেন নাহিন আপু। তিনি আছে জানলে আমি আর মেকআপ, গেটআপ কোনোকিছু নিয়েই চিন্তা করতাম না। কেননা আমাকে সুন্দর করে ফুটিয়ে তোলার সকল চিন্তা নাহিন আপা নিজের কাঁধেই তুলে নিতেন। একটা অসাধারণ টিমওয়ার্ক ছিল। সবাই খুব মজা করতাম। অসম্ভব কেয়ারিং তিনি। যে কোনো শুটিংয়ে খাবার-দাবারের তদারকিও করতেন। মনে হতো বড় বোন আছে শুটিংয়ে। অসম্ভব ভালো মনের একজন মানুষ। তার সঙ্গে ভালো লাগা- মন্দ লাগা সবকিছু শেয়ার করতে পারতাম। তিনি বড় বোনের মতো পরামর্শ দিতেন। তার সঙ্গে আমার কোনো গ্যাপ ছিল না। এখন হয়তো সবসময় তাকে পাই না। কিন্তু সবখানেই তাকে ভীষণ মিস করি।



রিয়া
মডেল ও নৃত্যশিল্পী

## "আমাদের গৌরব তুমি"
তাজিন আহমেদ

## "You are our pride"
Tajin Ahmed

নাহিন আপু... নামটার মধ্যেই একটা মায়া, আদর, ভালোবাসা, শাসন- সবই কেমন যেন কাজ করে আমার মাঝে। নাহিন আপু'র সঙ্গে তেমনই সম্পর্ক আমার। শুধু আমার না, অনেকেরই বোধহয় তার সঙ্গে এমন সম্পর্ক। নাহিন আপু যাকে ভালোবাসে তাকে একেবারে মন থেকেই ভালোবাসে। আবার তার ভালোর জন্য ভুল কিছু হলে শাসন করতেও ছাড়ে না। আমার এখনও মনে পড়ে, সেই অনার্সের সময় আমি মমতাজ আপা মানে মমতাজউদ্দিনের কোচিংয়ে প্রায়ই আপুর সঙ্গে দেখা করতে যেতাম। কারণ পুরো এসএসসিতে ওনার ওখানে পড়েছি। মমতাজ আপা'র ঠিক কয়েকটা বাসা পরেই ছিল নাহিন আপু'র বিউটি পারলার। এলাকাটা মোহাম্মদপুর। প্রায়ই চলে যেতাম ওখানে। ওই বাড়িটার নিচতলায় নাহিন আপু'র পারলার আর ওপর তলায় আমার জুনিয়র ফ্রেন্ড সানাম আর ওর বোন পুনমরা থাকতো। আর তারিন তো আমার দোস্তই। আসা-যাওয়া, গল্প, আড্ডা... কতো কী। একেকটা বউ সাজানো দেখে হাসতাম- 'ইশ্ যেই না চেহারা, নাম রাখছে পেয়ারা', কী বউকে কী বানিয়ে দিলা নাহিন আপু! এরকম নানা গল্প। শাসনের কথা কেনো বলেছি? আমি খুব একটা নিজের সাজ-সজ্জা বা রূপ বিষয়ে সচেতন ছিলাম না। পারলার বলতে ওই আইব্রু, প্লাগ আর চুল কাটাতেই সীমাবদ্ধ ছিলাম। নাহিন আপা ধমক-ধামক দিয়ে বলতো, 'শোন,স্কিনটা ভালো বলে ভাবিস না এর যত্নের দরকার নেই। এই ভালোটা ধরে রাখতেই যত্নের দরকার। এতো অলস কেনো তুই?' তার শাসনে একটু সচেতন হয়েছি বৈকি। নাহিন আপু'র শখে গড়া ছোট্ট বিউটি পারলারটি এখন বিশাল আকারে চারপাশে এর গুণের মহিমা ছড়িয়েছে। আমাদের নাহিন আপু এখন অনেক জনপ্রিয়, অনেক বিশাল মাপের একজন বিউটিশিয়ান। তাকে কখনও আমার মেয়ে মনে হতো না, এখনও হয় না তার আত্মনির্ভরশীলতা আর আত্মবিশ্বাস দেখে। একজন পুরুষের মতোই স্ট্রং এবং কর্মঠ।



**তাজিন আহমেদ**
**অভিনেত্রী**

Naahin apu, whenever I hear this name, I feel every emotion -- love, sympathy, compassion, kindness -- inside me. That's the kind of relationship that I have with her. Maybe, not only me, she has this kind of relationship with many. Whoever Naahin apu loves, she loves them from her heart. And if someone commits mistake she scolds just for their own good. I still remember, I used to go to Momtaz apa (Momtazuddin coachin) during my honours courses to see Naahin apu -- because I used to study there for the whole S.S.C. examination. Naahin apu's beauty parlour was just right after a few houses after Momtaz apa's house. It was in Mohammadpur. I used to go there pretty often. In that building, Naahin apu's parlour was on the ground floor and my junior friend Sanam and his sister Punam lived on the 1st floor. Tarin was my close friend. I used to come and go, there were gossips, chit-chat and so much fun! We used to have fun looking at the make-ups of brides. Naahin apu used to turn a regular face an extra-ordinary one. So many stories! And there's a reason why I spoke about the scolding. I wasn't that beauty conscious myself. The whole make-up was limited in plucking eyebrows and cutting hairs. One day Naahin apu scolded me and said, "Don't think that you don't have to take care of your face only because you are beautiful. You have to keep looking beautiful. I became more beauty conscious after she told me to. Our Naahin apu is a beautician of the highest calibre. I never perceived her as a traditional girl, I still don't, by just looking at her self-dependency and confidence. She is just as strong and hard-working as a man.

Tajin Ahmed
Actress

## "A very good and helpful person"
Pallab

## "অসম্ভব ভালো এবং হেল্পফুল একটা মানুষ"
পলব

Since I know Naahin, I observed that even after knowing so much she was always eager to learn. She has the tendency to learn anything if she didn't know about it. A person is working for 25 years – that goes to show how successful she is. She is a very good and helpful person.

Pallab
Model and actor

নাহিনকে আমি যখন থেকে চিনি তখন থেকেই দেখেছি নিজে যথেষ্ট জানার পরও শেখার অনেক আগ্রহ ছিল। যে কোনো বিষয় জানা না থাকলে জেনে নেয়ার প্রবণতা ওর মধ্যে দেখেছি। একটা মানুষ ২৫ বছর ধরে কাজ করছে– এটাই বলে দেয় কতটা সফল সে। অসম্ভব ভালো এবং হেল্পফুল একটা মানুষ।



পলব
মডেল ও অভিনেতা

"মনে হয়নি আমাকে এবং ওনার বোনকে কখনও আলাদা চোখে দেখেছেন"
ঈশিতা

"I never thought she treated me any differently than her sister"
Eshita

নাহিন আপু খুবই আন্তরিক একজন মানুষ। এরকম আন্তরিকতাসম্পন্ন মানুষ সচরাচর দেখা যায় না। যতবার তার সঙ্গে আমার দেখা হয়েছে, আমার মনে হয়নি আমাকে এবং ওনার বোন তারিনকে কখনও আলাদা চোখে দেখেছেন। আমি অনেকবার তার কাছে সেজেছি। অন্যসময়ের চেয়ে ওই সময়ে সবচে' সুন্দর লেগেছে। কেননা নাহিন আপু সবসময় চেহারাটা বুঝে, চিন্তা করে তারপর সাজিয়েছেন। গড়পড়তা একভাবে বসিয়ে কাজটা করেন না। নাহিন আপু এতদিন ধরে আমাদের মাঝে আছেন, আমাদের সবাইকে উৎসাহ জুগিয়েছেন, দোয়া করেছেন- আগামীতেও থাকবেন, এটাই কামনা।

আমাদের মিডিয়াতে অন্যতম সফল অভিনেত্রী তারিন আপু। তারিন আপু'র এতদূর আসার পেছনে যে ক'জন মানুষের অবদানের কথা আসবে তার মধ্যে নাহিন আপু'র নাম অন্যতম। বাংলাদেশে এখন অনেকেই সাজান, সবাই বিউটিশিয়ান। নাহিন আপু যাকেই সাজান না কেনো, যাকে নিয়েই কাজ করুন না কেনো, তাকে নিয়ে অনেক চিন্তা করে, প্যান করে তারপর আগান। এ কারণে তার হাতে সাজানো মানুষটা বা তার সংস্পর্শে যে মানুষ আসেন তিনি ভিন্নভাবে দর্শকদের সামনে উপস্থিত হন।



ঈশিতা
**অভিনেত্রী, সঙ্গীতশিল্পী**

Naahin apu is a very amiable person. This amiability in people is so rare. Every time I met her, I never felt she treated me any differently than her sister Tarin. I did make-up from her many times. I looked better those times than any other. Because Naahin apu thought deeply, tried to take the face into consideration and then she went for the make-up. She just doesn't apply one same average make-up every time. She has been among us for so long, given us inspiration, blessed us – and will continue to be among us, that's what I want.

One of the successful actresses of our media is Tarin apu. Naahin apu is one of the key figures who helped Tarin apu to come this far. Now-a-days everyone does make-up, everyone is a beautician. Whoever Naahin apu works with, whomever she does make-up for, she thinks about them, plans and then proceeds. For this reason, the person she did make-up for comes in front of the audience in a different outlook.

Eshita
Actress, singer

## "As a beautician she is truly magnificent"
Bijri Barkatullah

## "বিউটিশিয়ান হিসেবে তিনি সত্যিই অসাধারণ"
বিজরী বরকতউল্লাহ

I did my make-up with Naahin apu many years ago. At that time I didn't know how to do make-up perfectly. Especially I didn't know make-up for dramas that much. I learnt little by little about make-up. I remember once we went to Cox's Bazar for a shooting of a drama. Naahin apu went there too. Naahin apu taught me so many details in make-up – how to apply the mascara, how to apply the lipstick, how I can present myself in a more beautiful way – I got all the tips from her. As a beautician she is truly magnificent. Naahin apu is older than me but she is very free and frank. In her personal life she is very tidy. All in all, I like her very much.

Bijri Barkatullah
Actress

নাহিন আপা'র কাছে বহুবছর আগে মেকআপ করিয়েছিলাম। তখন আমি ভালোভাবে মেকআপ করতে পারতাম না। বিশেষ করে নাটকের মেকআপ সেভাবে জানতাম না। একটু একটু করে মেকআপ করা শিখেছি। আমার মনে আছে আমরা একবার নাটকের শুটিংয়ে কক্সবাজারে গিয়েছিলাম। সেখানে নাহিন আপা গিয়েছিলেন। আমার মনে আছে, নাহিন আপা অনেক ছোটখাট জিনিস শিখিয়ে দিয়েছিলেন– কীভাবে মাসকারা লাগাতে হবে, লিপস্টিক কীভাবে লাগাতে হবে কিংবা কীভাবে লাগালে আরো সুন্দর লাগবে– এই টিপসগুলো আসলে ওনার কাছে পেয়েছিলাম। বিউটিশিয়ান হিসেবে তিনি সত্যিই অসাধারণ। নাহিন আপা যদিও বয়সে আমার বড়। তারপরও তিনি অনেক ফ্রি এবং ফ্র্যাংক। ব্যক্তিজীবনেও তিনি অনেক গোছানো। সবকিছু মিলিয়ে ওনাকে আমার আসলেই ভালো লাগে।



**বিজরী বরকতউল্লাহ**
**অভিনেত্রী**

## "মডেল হিসেবে তার কাছেই প্রথম মেকআপটা নিয়েছিলাম"
মোনালিসা

## "My first make-up as a model was done by her"
Monalisa

মডেল হিসেবে আমার অভিষেক হয় ফেয়ার অ্যান্ড লাভলী'র বিজ্ঞাপনে কাজ করার সুবাদে। তখন আমি স্কুলে পড়ি। এই বিজ্ঞাপনে কাজ করার সুবাদেই নাহিন আপার কাছে আমার যেতে হয়েছিল। আমি মডেল হিসেবে তার কাছেই প্রথম মেকআপটা নিয়েছিলাম। এই কারণে তার কথা আমার সারাজীবন মনে থাকবে। পরবর্তী সময়ে তার কাছে না যাওয়া হলেও বাইরে থেকে অনেক সুনাম শুনে থাকি। তিনি অনেক যত্নশীল একজন রূপ বিশেষজ্ঞ। অনেক সুন্দর সুন্দর আইডিয়ার আলোকে তিনি মেয়েদের সাজিয়ে থাকেন। শুধু তাই নয়, তার প্রতিষ্ঠানেরও আমি অনেক সুনামও শুনে থাকি। বিশেষ করে হারবাল পদ্ধতিতে তিনি যে মুখবয়বের চর্চাটা দিয়ে থাকেন, এর জন্য অনেক মডেলরাও উপকৃত হচ্ছে। তার কর্মজীবনের ২৫ বছর পূর্তি উপলক্ষে আমার পক্ষ থেকে রইলো অনেক প্রাণঢালা অভিনন্দন। আমি আশা করি, নাহিন আপা আগামীতেও এই সুনামকে অক্ষুন্ন রেখে পথ চলবেন। এই কর্মগুণে শুধু পঁচিশ কেন, আমি চাইবো তিনি পঞ্চাশ-একশ' বছর পর্যন্ত এমন পূর্তি উদযাপন করবেন।



মোনালিসা
**মডেল ও অভিনেত্রী**

I started my modelling career through working in an ad of Fair and Lovely. I was studying in school back then. I had to go to Nahin apu for the make-up for the ad. My first make-up as a model was done by her. I'll remember her for that all my life. I haven't had the chance to go to her again, but I hear her praise all the time. She is a very caring beauty expert. She performs the make-up based on many innovative ideas. Not only that, I hear praise about her institution all the time too. Especially, the herbal technique for facial that she provides is helping many models too. My heartfelt congratulation goes for her on the occasion of the 25th anniversary of her career. I wish she would keep going upholding her reputation. Not only 25, I wish she completes 50 or hundred years of her career through her craft.

Monalisa
Model and actress

## "She is the architect of beauty"
Nadia Ahmed

## "সৌন্দর্য্যের কারিগর নাহিন আপা"
নাদিয়া আহমেদ

When the trend of ads started to change Bangladesh as Afzal and Saber bhai started making ads, glamour started to get importance. At that time, an added importance on beauty was there. And the architect of beauty was Naahin apu. Nahin apu's Biotic was one of the top class beauty parlours at that time. All the models of that time cherished this secret wish in their mind – If Naahin apu does my make-up I will look more beautiful. I wish her well on the occasion of the 25th anniversary of her work. I hope she will carry on further.

Nadia Ahmed
Actress and dancer

বাংলাদেশে যখন বিজ্ঞাপনের ধারা চেঞ্জ হয়ে গেলো, আফজাল ভাই, সাবের ভাইরা বিজ্ঞাপন বানাতে শুরু করলেন তখন গ্যামারটা প্রাধান্য পেতে শুরু করলো। তখন কণ্ঠের পাশাপাশি সুন্দরের একটা ব্যাপার ছিল। আর এই সৌন্দর্য্যের কারিগর ছিলেন নাহিন আপা। সেই সময়কার প্রথম সারির বিউটি পারলার 'বায়োটিক' কিন্তু নাহিন আপার। তখন প্রায় প্রতিটি মডেলেরই সুপ্ত একটা ইচ্ছে থাকতো- তার মেকআপটা যদি নাহিন আপা করতেন। তাহলে অবশ্যই তার চেহারাটা অনেক বেশি সুন্দর হবে। তার কাজের ২৫ বছরে আমি তাকে অনেক অনেক শুভেচ্ছা জানাই। তিনি যেনো আরো অনেক দূর এগিয়ে যান- এটাই প্রত্যাশা।



নাদিয়া আহমেদ
অভিনেত্রী ও নৃত্যশিল্পী

## "নাহিনের উচিত ছিল কাজটাকে আরো সিরিয়াসলি করা"
কানিজ আলমাস

## "Nahin should have done this more seriously"
Kaniz Almas

নাহিন আমার পছন্দের একজন মানুষ। তার কাজকেও আমি পছন্দ করি। সে অনেক আগে কাজ শুরু করেছে এবং খুব ভালো কাজ করে। নাহিনের প্রতি সবসময়ই আমার একটা অভিযোগ আছে– সে কেনো কাজটা সিরিয়াসলি করে না? অনেক অনিয়মিত সে। ভালো কাজ করতে করতে হঠাৎ দেখা যায় সে নেই। আমি তার কাজের ভক্ত হিসেবেই বলছি– নাহিনের উচিত ছিল কাজটাকে আরো সিরিয়াসলি করা। এটা অবশ্যই তার পারসোনাল একটি ব্যাপার। তারপরও আমি বলবো– যার কাজের হাত এতো ভালো, সে কেনো সিরিয়াসলি নিয়মিত হয়ে করবে না? তারপরও ভালো– সে একেবারেই ছেড়ে দেয়নি। চাই আরো সিরিয়াসলি কাজটা করুক। তাকে অনেক অনেক শুভেচ্ছা। এই প্রফেশনে ২৫ বছর সহজ কথা নয়। কেননা নাহিন যখন কাজ শুরু করেছিল তখন এই পেশাকে নেগেটিভভাবে দেখা হতো। এ কারণে তাকে অনেক সাধুবাদ জানাই।



**কানিজ আলমাস**
**বিউটি এক্সপার্ট, কর্ণধার, পারসোনা**

Naahin is one of my favourite people. I like her work too. She started working long ago and she does commendable work. I'll always complain one thing about Naahin – why doesn't she do the work more seriously? She is a bit irregular. She keeps on doing good works and suddenly she's not in the scene. As an admirer of her work I'm saying, she should have done this more seriously. Although its her personal matter. Yet, I'll say one who works so well, should not be so irregular. But its good that she hadn't leave the work. I want her to be involved in the work more seriously. Many well wishes for her. It's not an easy job to be in this profession for 25 years. Because when Naahin started her career this profession was looked upon negatively. So, I congratulate her for that.

Kaniz Almas
Beauty expert and owner of Persona

## "Incomparable as a beautician"

Golam Mostofa Bacchu

## "বিউটিশিয়ান হিসেবে অতুলনীয়"

গোলাম মোস্তফা বাচ্চু

I've been watching Naahin since she was a kid. So to speak, she grew up in front of our eyes. I have also seen how she got involved in this beautician profession. Naahin has worked with me in the country and in abroad. We worked together in ads like Keya soap, Keya White Plus and numerous others. I just wanna say about her that she is incomparable as a beautician. Her sense is so well developed that I never had to say, "Naahin, please do it this way." She took the artist in front of the camera after doing all the make-up work by herself. I wish her all the best on the 25 year completion of her career.

Golam Mostofa Bacchu
Cinematographer

নাহিন যখন ছোট, তখন থেকেই ওকে আমি দেখে আসছি। বলতে গেলে আমাদের সামনে দিয়েই ওর এই বড় হওয়া। পরবর্তীকালে নাহিন নিজেকে কীভাবে বিউটিশিয়ান পেশায় জড়ালো তাও দেখেছি। নাহিন আমার সাথেও দেশে এবং দেশের বাইরে কাজ করেছে। আমরা একসাথে কাজ করেছি কেয়া সাবান, কেয়া হোয়াইট পাসসহ আরো অনেক বিজ্ঞাপনে। ওর সম্পর্কে শুধু এইটুকু বলব, একজন বিউটিশিয়ান হিসেবে সে অতুলনীয়। তার সেন্স এত উন্নত যে কখনো বলতে হয়নি, 'নাহিন মেকআপটা এইভাবে দাও।' তার নিজস্ব ভাবনা দিয়েই একজন আর্টিস্টকে সাজিয়ে ক্যামেরার সামনে দিয়েছে। তার ২৫ বছর ক্যারিয়ারের পূর্তিতে আমি শুভেচ্ছা জানাই

**গোলাম মোস্তফা বাচ্চু**
**চিত্রগ্রাহক**



## "এখন পর্যন্ত বেস্ট"
বিদ্যা সিনহা মিম

## "Still the best"
Bidya Sinha Meem

নাহিন আপুর কাছে সাজ নিতে বরাবরই আমার মনের ভেতর অন্যরকম ভাল লাগা কাজ করে। আমার মডেলিং ক্যারিয়ারে এখন পর্যন্ত যার সাজে আমি পুরোপুরি সন্তুষ্ট হতে পেরেছি, তাদের মধ্যে বেস্ট হলেন নাহিন আপু। তার নানামাত্রিক সাজের গুণ অতুলনীয়। বিশেষ করে একটি শাড়ির বিজ্ঞাপনে তিনি আমাকে বেশ কয়েকটি গেটআপে সাজিয়েছিলেন। যা পরে টিভি স্ক্রিনে দেখে নিজেই নিজের কাছে প্রশ্ন করেছিলাম– এই কি আমি? মোটকথা নাহিন আপু আমাকে অদ্ভুত সুন্দরভাবে সাজিয়েছিলেন। রূপচর্চা পেশায় নাহিন আপু ২৫ বছরে পদার্পণ করেছেন। এটা অবশ্যই খুশির খবর। তিনি যেন আন্তর্জাতিক পর্যায়ে আমাদের এই মাধ্যমটাকে নিয়ে যেতে পারেন– সেই দোয়া করি। আমার বিশ্বাস এতেও তিনি সফল হবেন।



**বিদ্যা সিনহা মিম**
**মডেল ও অভিনেত্রী**

When I do my make-up with Naahin apu I always have this special feeling. Naahin apu is the best among the make-up artists by whose work I was satisfied. Her ability of performing multi-dimensional make-up is unrivalled. Especially one time, she presented me in different looks for a saree ad. When I saw the ad on TV screen, I wondered, "Is this really me?" All in all, Nahin apu did my make-up beautifully. Naahin apu completed 25 years of her career – this is great news. I pray so that she can take this medium of art on the international stage. I believe she will be successful in doing that too.


Bidya Sinha Meem
Model and actress

The art of make-up has flourished only because people like Naahin apu worked in this sector. I have heard of her since my childhood. But I met her personally later through Tarin. Probably around 1995-96. I have worked with many whose make-up was done by Naahin apu. I have worked on many outdoor projects with Naahin apu too. Among those, I remember Dhamrai. We went there for Ice Today's project. Tarin was the model. It has to be mentioned that, if I'm correct, the wedding make-up of Bipasha Hayat was done by her. Bipasha was my classmate. Naahin apu is an artist. And art can't be measured in years. I'll wish she could continue with her work all her life.

Bipob Shaha
Fashion designer and owner of Rong

নাহিন আপাদের মতো মানুষ রূপচর্চার মাধ্যমে কাজ করছেন বলেই এই সেক্টরটা এত প্রতিষ্ঠিত হয়েছে। তার নাম আমি ছোটবেলা থেকেই শুনে আসছি। তবে ব্যক্তিগত পরিচয় হয়েছে অনেক পরে। তাও তারিনের মাধ্যমে। সম্ভবত ১৯৯৫-৯৬ সালের দিকে। নাহিন আপার সাজিয়ে দেওয়া অনেকের সঙ্গেই আমার কাজ করা হয়েছে। নাহিন আপার সঙ্গে আউটডোরেও আমার অনেক কাজ করা হয়েছে। এর মধ্যে ধামরাইয়ের কথা মনে পড়ে। আইস টুডে'র জন্য আমরা সেখানে গিয়েছিলাম। সেইসময় তার সাজে মডেল হয়েছিল তারিন। এখানে আরেকটি বিষয় বলা দরকার, যদি আমি ভুল না করে থাকি– তাহলে বলতে হয় বিপাশা হায়াতের বিয়ের সাজটাও নাহিন আপা করিয়ে দিয়েছিলেন। বিপাশা ছিল আমার ক্লাসমেট।

নাহিন আপা একজন শিল্পী। আর শিল্পের কোনো বয়স হয় না। সেজন্য তিনি যেন সারা জীবন কাজ করে যেতে পারেন, সেই আশীর্বাদই আমি করি।



বিপব সাহা
ফ্যাশন ডিজাইনার, কর্ণধার, রঙ

## “অনেক খুটিনাটি বিষয়ও শেয়ার করতেন”

তুহীন হোসেন

## “She used to share even the smallest things”

Tuhin Hossain

নাহিন আপাকে অনেক অনেক শুভেচ্ছা। তার সঙ্গে কাজ করছি অনেক বছর হয়ে গেলো। '৯৮ সালে একটি নাটকের ফটোশুটে তার সঙ্গে আমি প্রথম কাজ করি। বিজ্ঞাপনের ফটোশুট, গ্ল্যামার বা ব্রাইডাল ফটোগ্রাফি– আমরা একসঙ্গে যে কাজই করেছি, তার অনেক সহযোগিতা পেয়েছি। উনি কাজের প্রতি অসম্ভব সিনসিয়র। অনেক খুটিনাটি বিষয় নিয়েও আমার সঙ্গে শেয়ার করতেন। কী করলে কাজটা আরো ভালো হবে– এটাই তার চিন্তা জুড়ে থাকতো। এতো সিনিয়র একজন মানুষ তারপরও আমার সঙ্গে শেয়ার করতেন– এটা খুব ভালো লাগতো। একটা ভালো কাজের জন্য এটা খুব জরুরি বিষয়। মানুষ হিসেবে তিনি অসাধারণ। খুব কেয়ারিং। কাজ করার সময় ইউনিটের সবাই খেয়েছে কিনা, সবাই কমফোর্ট ফিল করছে কিনা– এগুলো তিনি খেয়াল রাখতেন। বিষয়গুলো আমাকে মুগ্ধ করতো।



**তুহীন হোসেন**
**আলোকচিত্রী**

Many well wishes for Naahin apu. It has been long since I last worked with her. I worked with her first in a photo shoot of a drama in 1998. Advertisement photo shoot, glamour or bridal photography, whatever I did, I received a lot of help from her. She is very sincere towards work. She used to share even the smallest things. She was always occupied with the thought that how she can make the work more perfect. She is so senior yet she shared all the small things, I liked that very much. It is a very important thing for a good work. As a human being she is fantastic. She is very caring. She used to ask people in the unit if they had their meal, or if they are feeling comfortable. Those things used to amaze me.

Tuhin Hossain
Photographer

"Naahin apu is the cornerstone behind the revolution in make-up"
Richi

"মেকআপের ক্ষেত্রে যে পরিবর্তন এসেছে তাতে নাহিন আপুর অবদান সবচেয়ে বেশি"
রিচি

I know Naahin apu since I was a kid. She is one of my favourite persons. When I was little, I used to ask after watching Naahin apu, "Why is she so beautiful?" Nahin apu has completed 25 years of her career. It feels so amazing to think about it. She passed 25 years making us look beautiful. Many wishes and my congratulations to her for that. I pray so that these 25 years keep increasing manifold. Naahin apu is one of the pioneers who initiated the new wave in Bangladeshi ad. Many of new generation didn't have the chance to work with her. Our generation got a little opportunity and our seniors got more. She is the cornerstone behind the revolution in make-up. I think she brought about the change.

Richi
Model and actress

নাহিন আপুকে আমি অনেক ছোটবেলা থেকে চিনি। উনি আমার অনেক পছন্দের একজন মানুষ। ছোটবেলায় নাহিন আপুকে দেখে বলতাম- 'উনি এতো সুন্দর কেনো?' এই নাহিন আপুর কাজের ২৫ বছর হয়ে গেছে। ভাবতেই অবাক লাগে। অন্যদের সুন্দর করতে করতেই তার ২৫ বছর কেটে গেলো। এর জন্য অনেক অনেক শুভেচ্ছা ও অভিনন্দন। এই ২৫ বছর যেন চক্রবৃদ্ধিহারে কেবল বাড়তেই থাকে সেই দোয়া রইলো। বাংলাদেশের বিজ্ঞাপনে নতুন যে ধারার সূচনা হয়েছিল তার অন্যতম অংশীদার নাহিন আপু। বর্তমান প্রজন্মের অনেকেই তাকে পায়নি। আমরা কিছুটা পেয়েছি, আমাদের সিনিয়ররা বেশি পেয়েছেন। মেকআপের ক্ষেত্রে যে পরিবর্তন এসেছে সেক্ষেত্রে তার অবদান সবচেয়ে বেশি। আমি মনে করি, তিনিই এই পরিবর্তনটা নিয়ে এসেছেন।



রিচি
**মডেল ও অভিনেত্রী**

"নিশ্চিন্তে তার ওপর ভরসা করা যেত"
মৌসুমী

ক্যারিয়ারের শুরু থেকেই আমার নিজের মেকআপের ফাইনাল টাচটা আমিই দেই। কিছু কিছু কাজের সময় নাহিন আপু আমার মেকআপ করেছে। সেখানে মেকআপ নিয়ে কখনই চিন্তা করতে হয়নি। উনি এতো নিখুঁত ফিনিশিং টাচটা দিতেন যে, নিশ্চিন্তে তার ওপর ভরসা করা যেত। দেখতে দেখতে নাহিন আপুর কাজের ২৫ বছর হয়ে গেছে– ভাবতেই অবাক লাগছে। কাজের প্রতি নাহিন আপু'র আন্তরিকতা ও নিষ্ঠা সত্যিই প্রশংসনীয় এবং অন্যের জন্য অনুকরণীয়। আমি নাহিন আপু'র সাফল্য কামনা করি।



**মৌসুমী**
**মডেল ও অভিনেত্রী**

## "She showed the way"
Tonima Ahmed

## "পথটা কিন্তু তিনিই দেখিয়েছেন"
তনিমা আহমেদ

There are many beauty parlours in Dhaka now but Naahin apu showed the way. I like her make-up works. I have shared my opinion with many. For that many of my cousins went to her for make-up. Although, I don't get to see her very frequently but I often remember her. Especially, I remember the day she did the make-up for my wedding.

I wish success always comes knocking at her door. May she become happy in her future endeavour.

Tonima Ahmed
Actress

ঢাকা শহরে এখন অনেক বিউটিপারলার হলেও এই পথটা কিন্তু নাহিন আপাই দেখিয়েছেন। আমার ভালো লাগে তার মেকআপ। এই ভালো লাগার কথা আমি অনেকের সঙ্গে শেয়ার করেছি। সেজন্য আমার অনেক কাজিনও তার কাছে সেজেছে। নাহিন আপার সঙ্গে দেখা সাক্ষাৎ না হলেও তার কথা প্রায়ই মনে হয়। বিশেষ করে, আমার বিয়ের সাজ যেদিন করিয়েছিলেন সেদিনকার কথা।

নাহিন আপার সাফল্য যেন হাতের মুঠোয় বরাবরই থাকে, সেই প্রত্যাশাও করি। সুখী হোক তার আগামীর পথচলা।



**তনিমা আহমেদ**
**অভিনেত্রী**

“পরিবারের সবাই সাংস্কৃতিক অঙ্গনের বিভিন্ন মাধ্যমের সাথে জড়িত”
শাহিদা আরবী

"All the members of her family are involved in different cultural arena"
Shahida Arabi

একটা সাংস্কৃতিক পরিমণ্ডলে বেড়ে উঠেছে নাহিন। ওর মা-খালাসহ ওদের পরিবারের সবাই সাংস্কৃতিক অঙ্গনের বিভিন্ন মাধ্যমের সঙ্গে জড়িত। নাহিন নিজেও আলাদা একটা শিল্পকর্মে জড়িয়েছে। যেখানে নিখুঁত এবং অতি সুক্ষ্মভাবে নিজের চিন্তাকে মেলে ধরতে হয়। আমি খেয়াল করলাম, এই দীর্ঘ পথচলায় নাহিন তা যথাযথভাবে করতে পেরেছে। ওর নিষ্ঠা আর অধ্যবসায় দেখে আমি নিজেও অভিভূত। মানুষ হিসেবেও নাহিন চমৎকার। হাসিখুশি মানুষ। চমৎকারভাবে মিশতে পারে। আসলে এইসব গুণের কারণেই নাহিন আজকের এই পর্যায়ে এসেছে। আমি ওর সমৃদ্ধি কামনা করছি।



**শাহিদা আরবী**
**সংবাদ পাঠিকা**

Naahin was brought up in a cultural environment. All the members of her family including her mother and aunt are involved in different cultural arena. Naahin is also involved in a different kind of art, where someone has to spread her mind's wings very carefully. I observed that Naahin was able to perform that task perfectly. I am overwhelmed to see her dedication and diligence. As a human being Naahin is amazing. She is very cordial, and can get along with people very well. So to speak, Naahin came so far only because of these qualities. I wish her success.

Shahida Arabi
New presenter

## "She has shown a great deal of courage"
Munmun Ahmed

## "অনেক সাহসের পরিচয় দিয়েছে"
মুনমুন আহমেদ

I would say, when Naahin started her career as a beautician no one came forward to take up that as a profession. Naahin showed a great deal of courage. She is very meritorious too. But it's not only merit, she had to go through a lot of hardship and had to be patient to come this far. It's only because she stuck to her goal that helped her come this far.
I have come across another good quality of Naahin by virtue of working with her in different programmes; that is, if she comes across someone familiar in any programmes she comes up and talks first. There are not many people who are that humble. I wish her future path would become smooth.

Munmun Ahmed
News presenter

আমার মতে, নাহিন যে সময় বিউটিশিয়ান হিসেবে কাজ শুরু করেছিল, এই পেশায় সেইসময় কেউ সাহস করে এগিয়ে আসেনি। সে হিসেবে নাহিন অনেক সাহসের পরিচয় দিয়েছে। সে অনেক মেধাবীও। শুধু মেধার বলে নয়, এই পর্যন্ত আসতে তাকে অনেক কষ্ট এবং ধৈর্য্য ধারণ করতে হয়েছে। আর নিজের লক্ষ্য থেকে সে বিন্দুমাত্র সরে যায়নি বলেই আজকের এই পর্যায়ে আমরা তাকে দেখতে পারছি।
বিভিন্ন অনুষ্ঠানের সুবাদে নাহিনের আমি আরেকটা গুণ দেখেছি। একটা গুণ হচ্ছে- যে কোনো অনুষ্ঠানে পরিচিত কাউকে দেখতে পেলে সে নিজে থেকেই এগিয়ে গিয়ে কথা বলে। এমন বিনয়ী কয়জন আছে? ওর আগামীর পথচলা আরো মসৃণ হোক- এই প্রত্যাশা করি।



মুনমুন আহমেদ
সংবাদ পাঠিকা

## "কাজটা করেন সিনসিয়ারিটির সঙ্গে"
মিতা নূর

## "She performs her job sincerely"
Mita Noor

নাহিন আপা এই কাজটা করেন সিনসিয়ারিটি আর মায়া মমতার সঙ্গে। তার সঙ্গে পনের-ষোল বছর আগে দু'টি বিজ্ঞাপনে কাজের সুবাদে পরিচয় হয় আমার। একটি ছিল তেল আর অন্য বিজ্ঞাপনটি ছিল পাউডারের। দু'টি বিজ্ঞাপনেই তিনি আমাদের ইউনিটে মেকআপ আর্টিস্ট হিসেবে ছিলেন। এরপর অনেক দিন গ্যাপ। তবু বিভিন্ন অনুষ্ঠানে তার সঙ্গে আমার দেখা হয়েছে। কথা-বার্তা হতো। এখন তেমন যোগাযোগ না হলেও খুবই মিস করি তাকে। তার কথা প্রায়শই মনে হয়।

ক্যারিয়ারের ২৫ বছর উপলক্ষে আমি চাইবো, নাহিন আপার স্বপ্নগুলো যেন স্বার্থক হয়। তিনি যেমনভাবে নিজের ক্যারিয়ারকে প্রতিষ্ঠা করেছেন, উন্নতির এই ধারাবাহিকতা আগামীতেও যেন তা অব্যাহত থাকে। তার জন্য আমার পক্ষ থেকে রইলো অশেষ ভালবাসা।



**মিতা নূর**
**টিভি অভিনেত্রী**

Naahin apu performs her job with sincerity and care. I met her fifteen or sixteen years ago while working on two ads. One ad was for oil and another was for powder. She was the make-up artist for both the ads. Then there was a gap. After that I have met her in many programmes and occasions. We had chats. Although we don't have that much contact these days but I miss her. I always remember her.

On the occasion of the 25th anniversary of her career I wish all her dreams come true. I wish she continues to shine the way she established her career. Many warm wishes for her.

Mita Noor
TV Actress

## "I couldn't give her the photo"
Golam Farida Chonda

## "সেই ছবিটি আর দেয়া হয়নি"
গোলাম ফরিদা ছন্দা

Naahin apu did my make-up for my post wedding reception. At that time her parlour was in Banani. On the reception, my close friends said to me that I'm looking like a fairy. I thanked Naahin apu. Interesting thing is, Naahin apu wanted a photo of me in that make-up so that she could hang it on her parlour. But, I couldn't give her the photo.

So many years have gone by. Although we don't see each other regularly I miss her badly. My best wishes for her.

Golam Farida Chonda
Actress

আমার বিয়ে পরবর্তী সংবর্ধনা অনুষ্ঠানের সময় নাহিন আপা আমাকে সাজিয়েছিলেন। তখন তার বিউটিপারলার ছিল বনানীতে। সংবর্ধনা অনুষ্ঠানে কাছের বান্ধবীরা আমাকে দেখে বলেছিল, ওই সাজে আমাকে নাকি পরীর মতো দেখিয়েছে। ওই সময় আমি মনে মনে নাহিন আপাকে অনেক ধন্যবাদ জানিয়েছি। মজার কথা হলো, আমার ওই সাজে তোলা একটা ছবি নাহিন আপা নিজেও চেয়েছিলেন তার পারলারে লাগাবেন বলে। কিন্তু সেই ছবিটি আর দেয়া হয়নি।

দেখতে দেখতে অনেকগুলো বছর কেটে গেল। যোগাযোগ না থাকলেও নাহিন আপাকে অনেক মিস করি। তার জন্য আমার শুভ কামনা রইলো।



গোলাম ফরিদা ছন্দা
নাট্যঅভিনেত্রী

"I just love her work"
Kamrul

First of all as a person she is out of the world, excellent! I know her long time before. She is like my sister. I admire her as a person and admire her work also.



**Kamrul**
**Ban Thai**

## "Determination has brought her here today"

Fakhrul Abedin

## "একনিষ্ঠতাই আজকের এই পর্যায়ে এনেছে"

ফখরুল আবেদীন

Naahin has completed 25 years as a beautician. I am amazed. Anyway, many blessings for her from me. When I see her successful I feel good. Because Naahin and Tarin both are like my niece. I love them very much. I know them from their childhood. I would only say one thing about Naahin that she is very innovative. Her determination has brought her here in this stage today. I wish she would continue to thrive like this in the future.

**Fakhrul Abedin**
ATN Bangla

রূপচর্চা পেশায় ওর ২৫ বছর কেটে গেছে! আমার নিজেরই অবাক লাগছে। যাইহোক, আমার পক্ষ থেকে ওর জন্য অনেক অনেক দোয়া। ওর সাফল্য দেখলে আমার নিজের কাছেও ভাল লাগে। কারণ নাহিন-তারিন তারা দুই বোনই আমার ভাগনির মতো। আমি ওদের দুই বোনকেই স্নেহ করি। তাদের ছোটবেলা থেকেই চিনি। আর নাহিন সম্পর্কে আমি শুধু বিশেষভাবে এইটুকু বলবো, ও খুবই ইনোভেটিভ। ওর একনিষ্ঠতাই আজকের এই পর্যায়ে এনেছে। আশা করি আগামীতেও এই অগ্রসর হওয়ার ধারাবাহিকতা অব্যাহত থাকবে।



**ফখরুল আবেদীন**
**এটিএন বাংলা**

"তার কাজের সুনাম আমি চারদিকে শুনি"
ফাহমিদা নবী

"I hear her praise everywhere"
Fahmida Nabi

নাহিনের কাজের সুনাম আমি চারদিকে শুনি। এছাড়া তার সঙ্গেও আমার বিভিন্ন অনুষ্ঠানে দেখা সাক্ষাৎ হলে কথা হয়। কুশল বিনিময় হয়। ভাল লাগে তাকে। একজন মেয়ে হয়েও তিনি যেভাবে নিজেকে প্রতিষ্ঠা করেছেন, এর জন্য অবশ্যই ধন্যবাদ পাওয়ার যোগ্য। তার ক্যারিয়ারের ২৫ বছর পূর্তিতে আমি সেই ধন্যবাদটুকু তাকে দিতে চাই। জয় হোক তার।



ফাহমিদা নবী
কণ্ঠশিল্পী

I always hear praise about Naahin's work every where. I talk to her whenever we meet in some programmes. I really like her. She did a very credible job establishing her self in such a way even after being a girl. I want to thank her on the occasion of the 25 year completion of her work. Bravo Naahin!

Fahmida Nabi
Singer

## "She is unparalleled for any sort of make-up"
David Barikdar

## "সব মেকআপের জন্যই সে অতুলনীয়"
ডেভিড বারিকদার

Most of the girls that come to me get their make-up done by Nahin. There are so many beauticians who can do glamour make-up, but can't do character make-up. She is unparalleled for any sort of make-up. I know Naahin since 1995. It has been so many years. After I met her I observed that Naahin had been doing this job with satisfaction and happiness. Actually, one can't be successful if one doesn't work happily. Naahin is great example to prove that. For a talented person like her it may keep continuing more than 25 years – that's my wish.

David Barikdar
Photographer

আমার কাছে যেসব মেয়েরা ছবি তুলতে আসে, তারা বেশিরভাগই নাহিনের কাছ থেকে মেকআপ নিয়ে আসে। অনেক বিউটিশিয়ানই আছেন, যারা গ্যামার মেকআপ পারেনতো ক্যারেক্টার মেকআপ পারেন না। এই ক্ষেত্রে নাহিনই কেবল আলাদা। সেশন বলেন আর ক্যারেক্টারালাইজেশনের মেকআপ বলেন– সব মেকআপের জন্যই সে অতুলনীয়। নাহিনের সঙ্গে আমার পরিচয় ১৯৯৫ সাল থেকে। সেই হিসেবে অনেক বছরই হয়ে গেল। চেনাজানার পর থেকেই আমি খেয়াল করলাম, এই কাজটা নাহিন অনেক আনন্দের সঙ্গেই করে যাচ্ছে। আসলে আনন্দ নিয়ে কাজ না করলে যে সফল হওয়া যায় না, এটা নাহিনের দিকে তাকালেও প্রমাণ পাওয়া যায়। এরকম গুণী মানুষের ২৫ বছর কেন, আরো অনেক বছরই পূর্তি হবে বলে আশা করি।



ডেভিড বারিকদার
আলোকচিত্রী

## "রেসপন্সেবল, প্রফেশনাল এবং ডেডিকেটেড একজন মানুষ"
ইমন

## "A responsible and dedicated person"
Emon

নাহিন আপাকে আমি দু'দিন কাছ থেকে দেখেছি। তাও কক্সবাজারে একটা বিজ্ঞাপনের শুটিংয়ের সুবাদে। ওই বিজ্ঞাপনটির নির্মাতা ছিলেন জাহিদ ভাই (জাহিদ হাসান)। বিজ্ঞাপনটির মেকআপের দায়িত্ব ছিল নাহিন আপার ওপর। শুধু মেকআপ নয়, ড্রেসের সঙ্গে কোন ধরনের হেয়ার স্টাইল মানাবে তাও তিনি ঠিকঠাক করে দিয়েছেন। এই দুইদিন নাহিন আপাকে অনেক জ্বালাতন করেছি। কিন্তু একটা মুহূর্তের জন্যও তাকে বিরক্ত হতে দেখিনি। তিনি অনেক রেসপন্সেবল, প্রফেশনাল এবং ডেডিকেটেড একজন মানুষ। শুধু তাই নয়, নাহিন আপা ধার্মিকও। তাকে দেখলে মনেই হয় না এই অঙ্গনে ২৫ বছর কাটিয়ে দিয়েছেন। নাহিন আপা তার গুণ এবং চেষ্টা দিয়ে আগামীতে আরো অনেক বড় জায়গাতে যাবেন, এই শুভ কামনা করি।



**ইমন**
**মডেল ও অভিনেতা**

I only saw Naahin apu for two days. It was a shooting for an ad in Cox's Bazar. Zahid Hasan was the producer. Naahin apu was in charge of the make-up. Not only make-up she also found suitable hair styles to match with the dress. I bugged her too much those two days. But she wasn't vexed at all for a moment. She is a very responsible, professional and dedicated person. She is also religious. You can't even tell that she completed 25 years in this field. I wish Nahin apu will go far with all her talent and efforts.

Emon
Model and actor

## "একজন আলোকিত মানুষ"
ইরফান ও ফামি

## "An enlightened person"
Erfan and Fami

নাহিন আপু, আপন আলোয় আলোকিত তিনি। কাজের ব্যাপারে অত্যন্ত সৎ এবং পারফেক্ট। একজন ভালো মানুষ। ভালো রাঁধুনী।

একজন আলোকিত মানুষ।



**ইরফান ও ফামি**
**কর্ণধার, দৃক প্রোডাকশন হাউজ**

Naahin apu, enlightened by her own light from within. She is very honest and a perfectionist. A very good human being, a very good cook. An enlightened human being.

Erfan and Fami
Owner, Drik production house

## "She came by herself and checked the lighting"

Kabir

## "নিজে এসে আগে লাইট দেখে যেতেন"

কবির

Naahin apu provides suitable make-up for both indoor and outdoor. I noticed that when I did the photo shoot of different models for the "Noksha" page on assignment basis, the models were happy with Naahin apu's make-up, and I got beautiful pictures.

Especially I was impressed by her sincerity. She used to inquire where the photo shoot will take place before doing the make-up. If it was in a studio she came by herself and checked the light. Personally she is a jolly human being. I hope Naahin apu will go far. Not only that, I hope she will do more make-up for fashion photographs. I wish her growing success on the occasion of the 25th anniversary of her career.

Kabir
Photographer, Prothom Alo

ইনডোর, আউটডোর সবখানের জন্যই আলাদা উপযোগী করে চমৎকার মেকআপ দেন নাহিন আপা। নকশা পাতার জন্য অ্যাসাইনমেন্টভিত্তিক বিভিন্ন মডেলের ছবি তুলতে গিয়েই আমি তা খেয়াল করেছি। মডেলরাও নাহিন আপার কাছে মেকআপ নিয়ে সন্তুষ্ট থাকতো, আর আমিও পেতাম খুব সুন্দর ছবি।

বিশেষ করে আমি তার সিনসিয়ারিটি দেখে মুগ্ধ। তিনি মেকআপ দেয়ার আগে জেনে নিতেন ছবি কোথায় তোলা হবে। যদি শুনতেন স্টুডিও'র কথা, তাহলে নিজে এসে আগে লাইট দেখে যেতেন। আর ব্যক্তিগতভাবেও তিনি হাসিখুশি একজন মানুষ।

নাহিন আপা ভবিষ্যতে আরো অনেকদূর যাবেন, এটাই আশা। শুধু তাই নয় আমাদের ফ্যাশন ফটোগ্রাফির জন্য মেকআপ-এ তিনি আরো কাজ করে যাবেন। ক্যারিয়ারের ২৫ বছর পূর্তিতে তার উত্তরোত্তর সাফল্য কামনা করি।



**কবির**
**আলোকচিত্রী, প্রথম আলো**

## "There is so much to learn form her"
Anwar Hossain Bulu

## “ওর কাছ থেকে অনেক কিছু শেখার আছে”
আনোয়ার হোসেন বুলু

Naahin herself is an institute. There are so many things to learn from her. The thing I like about her the most is her sincerity and dedication for her work. She works meticulously. She blends so well with the unit during shooting. She works as a team member. Her responsibility was to do the beautification of the models and performers, check hair styles. But she used to sit in front of the monitor – pointed out the things that needed a fix. I always found her observations to be so accurate. I really liked that. Sometimes on outdoor shootings Naahin used to cook for us. She always took care. That is another of her qualities. Whenever I said, "There's a shooting." – She never said no, even if she was ill, and performed her task. It is her sincerity that brought her so far. As a human being she has a very open heart. I wish her continued prosperity and long life.

Anwar Hossain Bulu
Famous cinematographer

নাহিন নিজেই একটা ইনস্টিটিউট। ওর কাছ থেকে অনেক কিছু শেখার আছে। ওর সিনসিয়ারিটি ও কাজের প্রতি ডেডিকেশন আমার সবচেয়ে ভালো লাগে। খুব মন দিয়ে কাজ করে। শুটিংয়ের সময় পুরো ইউনিটের সঙ্গে মিশে যায়। টিমমেম্বার হয়ে কাজ করে। ওর কাজ হচ্ছে- মডেল বা পারফরমারদের বিউটিফিকেশন, হেয়ার স্টাইল দেখা। কিন্তু ও মনিটরের সামনে বসে দেখতো। লাইট কিংবা সেটের কোথাও খুঁত থাকলে ধরিয়ে দিত। আমি দেখতাম- ওর অবজারভেশন সবসময় ঠিক থাকতো। এটা খুব ভালো লাগতো। অনেক সময় আউটডোর শুটিংয়ে নাহিন আমাদের রান্না করে খাওয়াতো। সবার টেককেয়ার করতো। এটি আরো একটি বড় গুণ। ওকে যখনই বলেছি- 'শুটিং আছে।' যতই শরীর খারাপ থাকুক, কখনও 'না' করেনি। সবসময় কাজটা করে দিয়েছে।
কাজের প্রতি ওর সিনসিয়ারিটিই আজকে ওকে এতোদূর এনেছে।
মানুষ হিসেবে নাহিন খুব ভালো মনের মানুষ। আমি ওর কর্মজীবনের আরো উন্নতি ও দীর্ঘায়ু কামনা করি।



আনোয়ার হোসেন বুলু
খ্যাতিমান চিত্রগ্রাহক

## "বিউটিশিয়ান পেশার বিকাশে নাহিনের অবদান অনেক"
মোহন খান

## "Naahin's contribution in the evolution of the beautician profession is huge"
Mohon Khan

নাহিনের ক্যারিয়ারের শুরু থেকেই আমি ওর একজন শুভাকাঙ্ক্ষী। আমার অনেক নাটকেই নাহিন ইউনিটের একজন হিসেবে ছিল। আমার ভালো লাগছে এই ভেবে, আজ থেকে ২৫ বছর আগেও যে মানুষটি হাটি হাটি পায়ে মাত্র কাজ করতো, আজ সে দেশের সেরা বিউটিশিয়ানদের মধ্যে অন্যতম। আমরা সবাই জানি, ভালো কাজের জন্য লাগে একাগ্রতা। আর এই একাগ্রতার সঙ্গে নাহিন সুনিপুণতার মেলবন্ধন ঘটিয়ে এনেছে নিজের সফলতা। আমার মনে আছে, নাহিন রূপচর্চার ওপর দেশের বাইরে থেকে ট্রেনিংও নিয়ে এসেছিল। তার প্রথম বিউটি পারলার উদ্বোধনী অনুষ্ঠানে আমি ছিলাম।
বিউটিশিয়ান পেশার ক্ষেত্রে আজ যে বিকাশ ঘটেছে, এই অবস্থানের জন্য নাহিনের অবদান অনেক। আমি আশা করি, নাহিন এই ২৫ বছরেই থেমে থাকবে না। দৃঢ় প্রত্যয়ে যাবে এগিয়ে আরো অনেক দূর।



**মোহন খান**
**নাট্যকার-নির্মাতা**

I am a well-wisher of Naahin from the beginning of her career. She was a member of the unit in many of my dramas. I am feeling good just thinking that the person who started 25 years ago, taking small steps, is now one of the greatest beautician of the country. We all know, to do something good, we need dedication. Blending her craft with dedication, Naahin brought about her success. I remember, Nahin went abroad for special training on make-up. I was present at the inauguration of her first beauty parlour.
Naahin's contribution in the evolution of the beautician profession is huge. I hope Naahin would not stop here. She will go further with strong determination.

Mohon Khan
Playwright and director

## "When I see her, I feel like she is someone close"
Chitralekha Guha

## "ওকে দেখলেই কাছের একজন মানুষ মনে হয়"
চিত্রলেখা গুহ

I became familiar with the word beautician when I met Naahin. I was in an ad of Wheel in around '91-'92. Nahin did my make-up and hairdo. She also helped me wear the saree too. She helped me so much that I can't even describe it. I worked with her in one or two more ads. I really liked those. Now Naahin doesn't participate in this kind of work that much but I really miss her. She is a very good girl. Whenever I see her, I feel like she is someone close. When I see Naahin in Television screen, I shout, "There is our Naahin!" Because whenever we worked together, she was so cordial that I never could think of her as someone other than a close one. Many wishes for her.

Chitralekha Guha
Actress and model

বিউটিশিয়ান শব্দটির সঙ্গে অভ্যস্ত হয়েছি নাহিনের সাথে এসে। '৯১-৯২'র দিকে আমি হুইলের একটা অ্যাড করেছিলাম। সেখানে নাহিন আমার মেকআপ, হেয়ার স্টাইল করেছিল। এমনকী শাড়িও পরিয়ে দিয়েছিল। এতটা হেল্প করেছিল যে বলে বোঝাতে পারবো না। এরপর আরো দু'একটি বিজ্ঞাপনে নাহিনের সঙ্গে কাজ করেছি। খুবই ভালো লেগেছে। এখন যদিও এ ধরনের কাজে নাহিন খুব একটা সময় দেয় না, কিন্তু আমি ওকে ভীষণ মিস করি। ভীষণ ভালো একটি মেয়ে। ওকে দেখলেই কাছের একজন মানুষ মনে হয়। নাহিনকে যখন কোথাও দেখি, এমনকী টেলিভিশনেও- একটা কথাই মুখ দিয়ে বের হয়ে আসে, 'ওই তো আমাদের নাহিন'। কারণ ওর সঙ্গে যখনই কাজ করেছি, এতটা আন্তরিকতা নিয়ে কাজ করেছে যে কখনই দূরের মানুষ মনে হয়নি। ওর জন্য অনেক অনেক শুভকামনা রইলো।



**চিত্রলেখা গুহ**
**অভিনেত্রী ও মডেল**

## "আমার জীবনের প্রতিটি সফলতার প্রতিটি স্টেপে নাহিন আপু জড়িত"

অপি করিম

নাহিন আপু সম্পর্কে বলে শেষ করতে পারবো না। এককথায় তিনি আমার জন্য লাকি চার্ম। আমার জীবনের প্রতিটি সফলতার প্রতিটি স্টেপে নাহিন আপু জড়িত। আনন্দধারা'র প্রচ্ছদের ফটোশুটের সময় তার সঙ্গে আমার প্রথম কাজ। আমার ছবি এত সুন্দর হয়েছিল যে ওটা ছিল জীবনের প্রথম টার্নিং পয়েন্ট। এরপর লাক্সে ফটোশুটেও নাহিন আপু'র মেকআপ ছিল অসাধারণ। সেটা ছিল আমার জীবনের দ্বিতীয় টার্নিং পয়েন্ট। আমার মনে আছে, আফজাল আংকেলের হোয়াইট পাস বিজ্ঞাপনের সময় নাহিন আপু অনেক চেষ্টা করেও আমাকে সুন্দর দেখাতে পারছিলেন না। এরপর আফজাল আংকেল বললেন, 'নাহিন, তুই ওর চুলটা সুন্দর করে কেটে দে।' পরদিন নাহিন আপু আমার চুলগুলো ছোট করে কেটে দিলেন। এরপর মেকআপ করে ক্যামেরার সামনে যখন দাঁড়ালাম, তখন আফজাল আংকেল বললেন, 'গতকাল তুই ছিলি ফকিরনি, আজকে হয়ে গেছিস পরীর বাচ্চা।' সত্যিই নাহিন আপু'র হাতে জাদু আছে। তার মেকআপ অসাধারণ।

মানুষ হিসেবে নাহিন আপু 'সাচ এ সুইট হার্ট'। ওনার ভেতর সবসময় বড়বোনসুলভ আচরণ পাই। যদিও রেগুলার যোগাযোগ হয় না, কিন্তু আগের সেই আন্তরিকতা এখনও পাই। ওনার ব্যবহার ও ব্যক্তিত্ব আমাকে খুব আকর্ষণ করে, ভালো লাগে। তার তিনটি জিনিস আমাকে খুব মুগ্ধ করে। ১. ওনার ব্যবহার। ২. মিডিয়াতে কাজ করার সময় এতো গাটস নিয়ে এবং পারসোনালিটি'র সঙ্গে কাজ করতেন যে, তার সঙ্গে কোনো রকম বাজে আচরণ করার সাহস কারো হয়নি। ৩. কাজের ক্ষেত্রে তার কাছে ছোট-বড় কোনো ভেদাভেদ নেই। তার মেকআপের চেয়ারে যে বসেছে, তাকেই ইনি চরিত্র অনুযায়ী বেস্ট মেকআপ দিয়েছেন। সব কথার শেষ কথা- আই লাভ হার সো মাচ। ওয়ান্ট টু গিভ হার থাইজেন্ড সুইট কিসেস।

অনেক বিউটিশিয়ান অন্যকে সুন্দর করে সাজিয়ে নিজেরা অগোছালো থাকেন। কিন্তু নাহিন আপু'র ক্ষেত্রে ব্যাপারটা অন্য। প্রথম দিন থেকে আজ পর্যন্ত তাকে আমি সবসময় খুব টিপটপ এবং সুন্দর করে মেকআপ নিয়ে থাকতে দেখেছি। আচ্ছা, নাহিন আপু নিজে এতো সুন্দর করে কেমন করে সাজেন? উ-ফ-ফ-ফ-ফ-ফ-ফ!

নাহিন উপ'র কর্মজীবনের ২৫ বছর পূর্তিতে অনেক অনেক শুভেচ্ছা।



অপি করিম

**মডেল, অভিনেত্রী ও নৃত্যশিল্পী**

"Naahin apu was involved in every step of my success"
Opi Karim

I wouldn't be able to stop talking about Naahin apu. She is my lucky charm. Naahin apu was involved in every step of my success. I met her first while doing the cover photo shoot of Anandadhara. My photo came out so beautiful that it was my turning point. Naahin apu's make-up was amazing in Lux photo shoot too. That was my second turning point in life. I still remember, during Afzal uncle's White Plus ad, Naahin apu couldn't make me look beautiful after trying so hard. Then Afzal uncle said, "Naahin, cut her hair short." Next day Naahin apu cut my hair short. After make-up I went in front of the camera. Afzal uncle said, "Yesterday you were shabby, today you are looking like a fairy." Nahin apu has magic in her hand. Her make-up is amazing.

